R-150Y

## ভীমসিংহ।

নহাকবি সেক্সপিয়ার প্রণীত ওথেলোর নর্মান্বাদ।

শ্রীতারিনী চরণ পাল

ভাগাত 1

শ্রীনগে**ন্দ্র** নাথ বন্দ্যোপাধ্যায় দ্বারা


প্রকাশিত।

কলিকাতা।

পিপল্স ফুেও যন্ত্র

৪০ নং চুনাগলি। ১২৮১ সাল।

মূল্য বার আনা।



# ভীমসিংহ।

# নহাকবি সেক্সপিয়ার প্রণীত ওথেলোর

गन्मागुराम ।

## শ্রীতারিণী চরণ পাল

空間至 1

শীনগেক নাথ বন্দ্যোপাধ্যায় ছার

প্রবাণিত।

কলিকাতা।

পিপল্স ফুেও নন্ত্র

४० रः हराशन।

१२४५ माल।



## ভূমিকা।

ও্থেলো সাহিতা কাননের একটা অভৃথেকট পুস্প।
প্রান্ত সকল ভাষাতেই ইহার অজুবাদ হইমাছে। কিন্তু ও
প্রান্ত বস্পভাষায় কেই এ বিষয়ে হস্তক্ষেপ করেন নাই
নিহ্মা, বামনের চকু প্রাশেষ কাল্য, আনি এ জুরুই বাহে
বিভা হই্যাছি। অনুবাদে কাত্দুর ক্তিকাষা হইয়াছি বিলি বিশ্বন।
নাবিনা। সাহিত্যাকুব্রীস্মালোচক সহেদ্যগণ বিচা

প্রিশেষে বজ্র —জীযুক্ত বাবু লক্ষ্মীনারায়ণ চক্রবর্তী ও শীম্ক্ত বাব কিরণ চন্দ্র বন্দ্যোপাধায়ে মহাশ্য, বিশেষ মত্র ও প্রবিশ্রমের সহিত, গ্রন্থগানি আন্দ্যোপান্ত সংশোধন করিছ বিধাতেন।

নাটক প্রিয় ক্রীযুক্ত নগেন্দ্র নাগ বন্দ্যোপাধ্যায় সহা-শ্যকে এই পুস্তক উপহার প্রদান করিয়া নিশ্চিত্ত হ্ইলাম।

## শ্রীতারিণী চরণ পাল।

## नारिगानिथिञ गाङ्गिशन।

#### 

(प्रथम)प	চরেক প্রধান সাম্যত সদ।
रिक्ष्	(भवनारमन देवमाञ जाए)।
ម៉ាញ់សេខ	প্রধান ধ্যেনাপতি।
চন্দ্ৰাথ	ভীনসিং হের সহকাঠী।
्रे-नर्दाभः क 	তদীয় কৰ্মচাৰী।
त्र्यास्त्र र्वे	জয়ন্তির পূর্বে শাস্ম করু।
न-गुरुनेवत	ट टिखन क्रोतक धराजा एट ।
रुर्ना	দেবদাদের কর। ।
সর্ম।	टिवतर्गमः इत् र्ञ्जी ।
वि <b>र्गा</b> फिर्नी	

রাজা অনুগতি সন্দেশগ নাগরিক প্রভৃতি।

# **ভীমসিং** ।

- see

## প্রথম অঙ্ক।

প্রথম দৃশ্য।

রাজপথ।

শশীশেখর বর্ম্মণ ও ভৈরব সিংহের প্রবেশ।

শশী। আচ্ছা ভাই। তবে তুমি সেনাপতিকে য়ণা কর কেন?

ভৈরব। নরককে কেনা মৃণা করে? এই জয়ন্তি নগরের তিন জন প্রধান লোক আমার জন্ম যৎপরোনান্তি অনুরোধ কল্লেন, তা কিছুতেই নয়, শেষে কর্ম দেওয়া হল কিনা চন্দ্রনাথকে, আঁটা চন্দ্রনাথ! চন্দ্রনাথ আমার কত্তে বড় হ'ল, হাঃ অদৃষ্ট! যে ঠিক দিতে ভুলে, রক্ত দেখলে মৃদ্ধা যায়, তাকে তুলে দেওয়া হ'ল, আর আমি বেটা প্রাণপণে থেটে মরেও মন পেলেন্না। আঁটা আমাকে সহকারী না করে চন্দ্রনাথকে সেই কর্ম দেওয়া হ'ল, উঃ! (বিকট বদনে পৃথী পৃষ্ঠে পদাঘাত)

শশী। আমি হলে কখনইত এ অপমান সম্থ কর্তেম না।

ভেরব। অগত্যা করি, চাকরির দশাই এই। উপার নাই, এখন কি আর সে কাল আছে যে কেবল বিদ্যা বুদ্ধির জোরে লোকের পদর্বদ্ধি হবে? মুরব্বির জোর থাকে, উপর ওয়ালার মন যোগণতে পার তা হ'লেই অপ্প কালের মধ্যেই এক জন মান্ত গণ্য লোক হ'য়ে দাঁড়াবে। লোক কথায় বলে "ঠক বাছতে গাঁওজোড়" কটা লোক আপনার পদের উপযুক্ত হে ? একি সামান্ত অত্যাচার ? কে সহু ক'র্ত্তে পারে ? এতে মরা মানুষের ও রাগ হয়।

শশী। তবে চাকরি ছেড়ে দাওনা কেন?

ভেরব। অন্নি ছাড্ব ! এর শোধ না নিয়ে ছাড্ব ? এখন তার অনুগত হয়ে থাক্ব, সময় পেলেই দংশন ক'রবো; মিত্রতা রেখে শক্তা ক'রবো। আমি অভাবিধি "বিষকুল্ডঃ পয়োমুখঃ" হ'লেম। দাদা! এক দিন সে গাদাকে জানাব যে, অর্ণকলসে বিষ এবং কুলুমেও কীট থাক্তে পারে।

শশী। যা হ'ক, সেনাপতির সার্থক জীবন ব'ল্তে হবে !

ভৈরব। এই না দেৱদানের বাটী ? দরজার যা দাও, ডাক, ব্যাটাকে জাগিয়ে দাও, ব্যাটাব ঘুম ভালিয়া চেতনা জ্যে দাও, ব্যাটার ছুধের বাটীতে বালী দাও, "যেমন কর্ম্ম তেন্নি ফল" তোমার ক্যা দান ক'র্তে চায় না। এখন বেস হয়েছে।

শশী। কৰ্ত্ত। বাড়ীতে আছেন ? ও কৰ্ত্তা ? ওগো মশাই ?

ভৈরব। বাড়ীতে কে আছ ? ও দেবদাস ! ও দেবদাস ! মর—মিন্যে যেন মরে রয়েছে। বলি ও দেবদাস ! তোমার কন্তা কোথায় ? তোমার সর্বনাশ হয়েছে, তোমার কুলমান সব গোল।

## ( গবাক্ষে দেবদাসের আগমন )

দেব। কি? হরেছে কি? এত গোদ্দযোগ কিসের? কে ডাক্ছে হে? এত রাত্তিরে কিসের দরকার?

শশী। আপনার আত্মীয় স্বজন সকলে বাড়ীতে আছেত ?

ভৈরব। আপনার দরজা গুলোত খোলা নাই?

শশী। আপনার কন্সাত বাড়ীতে আছে?

দেব। কেন কি হয়েছে ? এমন কথা জিজ্ঞাসা ক'চ্ছ কেন ?

ভৈরব। আব দেখছেন কি, আপনার সেই নধর ধবল নৈ বাছুরটী দড়ি ছিঁড়ে একটা রুফকায় বলদের সঙ্গে জুঠেছে; এখন শীত্রই আপ-নাকে দেহিত্রের মুখ দেখ্তে হবে। দেব। আমর্বেটা পাজি। তোর কি আমায় দেখে একটু ভয় হ'ল না? পাগল হয়েছিস্না কি?

শশী। মশাই কি আমার স্বর চিন্তে পাচ্ছেন না?

দেব। না, তুই কে? কোথা থেকে এসেছিস্?

শশী। আমার নাম শশীশেখব।

দেব। দূর হঃ বেটা। দূর হঃ বেটা নচ্ছাব, পাজি আমি না তোকে বার বার আমার বাড়ীর ত্রিমীমায় আস্তে নিষেধ করেছি। তরু তুই এসে আমায় তাক্ত ক'চ্ছিস্? তোকে ত আমি বলেছি—প্রাণান্তেও তোকে কহা দান ক'র'বনা। তাই বুঝি তুই এখন উন্মত্ত হয়ে, এত রাত্রে আমায় জ্বালাতন ক'র্ত্তে এসেছিস্! আচ্ছা থাক, এর সমুচিত শান্তি পাবি। আমি এক জন হেঁজি পেঁজি লোক নই, তা তুই জানিস্! আমার যথেষ্ট ক্ষমতা আছে, কাল সকালেই এর সমুচিত শান্তি দেব।

শশী। মশাই শান্ত হ'ন, আমাকে অন্তায় তিরস্কার ক'চ্ছেন।

দেব। তুই চোরেব ভয় দেখাস্কি? এ অবন্তি নগর—অবাজক
ছান নয়, আমি বনে বাস করি না।

ভৈবৰ। মশাই আপনি কি প্রকার লোক ? আপনার যে দেখতে পাই কিছু মাত্র কাণ্ড জ্ঞান নাই। ইনি কোণা আপনাব উপকার কর্ত্তে এলেন, আর আপনি কিনা এঁরে যাচ্ছেতাই বলছেন্। কলিতে কি কারে। ভাল কর্তে নেই!

দেব। তুমি কে হে বাপু, এখানে মধ্যন্ত হতে এসেছ? যাও আর উপদেশ দিতে হবে না।

ভৈরব। মশাই! আমি ভাল বই মন্দ ক'র্ত্তে আসিনি। সেনাপতি
মশাই আপনার স্বর্ণলতাকে হরণ করে লয়ে গেছেন। আমরা কেবল
দেই সংবাদটী দিতে এসেছি।

দেব। আচ্ছাং! তোৱা থাক—কাল প্রাতে এর সমুচিত শাস্তি বিধান কবে তবে জলগ্রহণ কব্বো—দেখ্ব বিচার স্থলে তোৱা কি উত্তব দিস্।

শ্ৰী। দেখানে যে জবাৰ দিতে ছবে, তা পারে বিবেচনা ক'রবো,

এখন যা ব'লতে এসেছি তা শোন। এই ছুশর রাত্তে স্বর্ণলতা যে এক জন মারহাটার অনুগামিনী হয়েছে এটা কি আপনার অভিপ্রেত ? আর তা না হ'লে আপনি আমাদিগকে অনর্থক তিরক্ষার ক'র্ম্পেন কেন ?

দেব। ওরে আমার সর্বনাশ হয়েছে রে! ও লছমন্! লছমন্ ওরে তোরা ওচরে, আমার সর্বনাশ হয়েছে, কুলমান সব গেছে। ওবে তোরা ওচরে! আলো জ্বাল। হা হতভাগিনি! তোর মনে এই ছিল।—আমব্ব্যাটারা মরে যুমুচ্ছে না কি?

প্রস্থান।

ভৈরব। আমি তবে অপ্রসর ছই। তুমি দেবদাসকে লয়ে বরাবর সপ্তমশিবির সম্মুখে যেও সেখানে আমার সাক্ষাৎ পাবে, আমি সেনাপতির সম্ভেই থাক্বো।

প্রস্থান।

( দেবদাস ও ভৃত্যগণের মসাল লইয়া প্রবেশ।)

নেব। অঁগ! তাইত, সতাং যে গেছে দেখতে পাই। হা পাপীয়িসি! তোর মনে এই ছিল ? হাঃ! আমার মান সম্ভ্রম সব খেলি? (শশীর প্রতি) তাদেব কি বিবাহ হয়েছে? অঁগ?

শশী। হয়েছে বৈ কি।

দেব। হার! আমার এত যত্নের মুক্তামালা বানরের হস্তে পতিত হ'ল!! আঁটা, তারা কোথার আছে? কোন্দিকে গেলে দেখতে পা'ব? বাবা, আমি না বুঝে তোমায় আনেক তিরস্কার ক'রেছি; আনেক রুঢ় কথা ব'লেছি, কিছু মনে ক'রনা। হাঃ কুলকলঙ্কিনি! হাঃ হতভাগিনি! এই কি তোর লজ্জা? এই কি তোর পিতৃভক্তি? কোন কালে কন্তাকে কেহ যেন বিশ্বাস না করে। কে বলে অবলা সরলা? এরা ভরঙ্করী বিষধরী। সে মারহাটা বেটারই বা বুকের পাটা কি? আমার কন্তাকে নিয়ে গেল, ব্যাটা কি আমাকে চেনেনা! আমি কি অপ্পে ছাড়ব? এখন ধর্তে পালে হয়।——

শশী। মশাই! যদি উপযুক্ত লোক জন নিয়ে আমার সঙ্গে যান, তাহলে এখনি ধ'র্তে পার্বেন।

দেব। (ভৃত্যদের প্রতি) ওরে দেখ্! তোরা কোটালকে খবর দে, আর অস্ত্র শস্ত্র নিয়ে আয়। আমার সর্বনাশ হ'য়েছে; কুলমান সব গোছে! চল বাবা চল।

শশী। এই দিকে আস্মন।

[ সকলের প্রস্থান।



## দ্বিতীয় দৃশ্য।

#### রাজপথ।

### (ভীমসিংহ ও ভৈরবের প্রবেশ।)

ভৈরব ৷ আপনি যদি তার কন্তাকে যথার্থ বিবাহ ক'রে থাকেন, তা হ'লে কি হুর্ঘটনাই না ঘ'ট্বে ! রাজসভায় তার যথেষ্ট সন্থান আছেঃ—

ভীম। দেখ ভৈরব, তুমি কিছু মাত্র ভর ক'র'না, আমি অসার কাজ করিনি যে তিনি আমাকে দণ্ড দিবেন—বংশমর্যাদার ও আমি নিতান্ত হীন নই। ক্ষত্তিরেরা কখনও নিজমুখে আত্মপরিচর প্রদান করেন না, দেই জন্তই মহারাজ এত দিন আমার পরিচর পান নাই। এখন না হর প্রিচর দিবে স্বর্গলতাকে লাভ ক'র্বো। স্বর্গলতাকে আমি প্রাণা-পেক্ষা ভাল বাসি; স্বর্গলতাও আমাকে যার পর নাই ভাল বাসে। ওদিকে কিসের আলোহে?

ভৈরব। বোধ করি দেবদাস আপনার অনুসন্ধানে আস্ত্র;——
আপনি সরে দাঁড়ান।

ভীম। না—না—তা হ'লে আমার যশ মান সকলই কলঙ্কিত ছবে।—তারাই আস্ছে না কি ? ভৈরব। মা কালী কৰুন তারা যেন না আসে। ভীম। এ যে দেখ্ছি আমাদেরই চন্দ্রনাথ।

( চন্দ্রনাথ ও কতিপয় সৈনিকের মসাল লইয়া প্রবেশ )

**ठ**न्द्र। नमः द्रोत !

ভীম। এত রাত্রে কি সংবাদ চন্দ্রনাথ ?

চন্দ্র। মহারাজ আপনাকে শ্বরণ করেছেন। তিনি আপনার অনুসন্ধানে স্থানে স্থানে লোক প্রেরণ ক'রেছেন।

ভীম। অকমাৎ এত রাত্তে মহারাজ আমাকে কি জন্ত আহ্বান ক'লেন?

চন্দ্ৰ। বোধ কৰি জয়ন্তি হ'তে কোন সংবাদ এসে থাক্ৰে।

ভীম। তবে চল যাওঁরা যাক্—তুমি ভাই একটু দাঁড়াও আমি একবার বাড়ী থেকে আদি।

প্রস্থান ৷

চন্দ্র। ভৈরব। সেনাপতি ম'শাই এখানে কি কচ্ছি লেন হে ? ভৈবব। আব মশাই—তিনি এখন সাপের মাথার মণি এনেছেন; নির্বিষে ভোগা কর্ত্তে পালে হয়।

চন্দ্র। তোমার কথা আমি কিছুই বুঝাতে পালে মি না। ভৈরব। সেনাপতি মশারের বিবাহ হয়েছে। চন্দ্র। কার সঙ্গে হে? ভৈরব। এই——

( ভীর্মাসংহের পুনঃ প্রবেশ )

ত্বে আস্ম মশাই।

ভीম। इँ। তবে তুমিও চল।

ভৈরব। যে আজ্ঞা চলুন—আবার বুঝি কে আপানাকে খুঁজতে আস্ছে। মশাই ঐ বুঝি দেবদাস আস্চে আপনি সাবধান হ'ন্। ভীম। তোমরা সব এই দিকে দাঁড়োও। ( দেবদাস, শশী শেখর ও অনুচরবর্গের প্রবেশ )

भनी। मनाई वह (महे भाभाजा।

(मन । धत्र नागितिक धत्र—नौध नागितिक नौध, नागि (क्षांत्र——

### ( তরবারি নিষ্কাশন )

ভীম। মিথ্যা বিবাদে আবশ্যক নাই; (দেবদাসের প্রতি) মশাই আপনি যদি আমাদের কথায় বাঁধিতে পারেন, তবে অস্ত্রের আবশ্যক কি ?

দেব। আঃ পাপাত্মা! আমি তোর কি ক'রেছিলাম, যে তুই আমার
নিষ্কলঙ্ক কুলে কালি দিলি। এই কি তোর বীরোচিত কর্মৃ? এই কি
তোর ক্ষত্রিয় ধর্ম? আমি তোকে ভাল ব'লে জান্তেম, পুত্রের ফার ক্ষেহ্ন কর্ত্তেম, তুই আমার সর্বনাশ ক'বলি। পালিত কাল ভুজদের ফার বক্ষে দংশন ক'র্লি? আমি নিশ্চয় ব'ল্তে পারি, তুই তাকে গুণ ক'রেছিস! যে এক্লা কখন দরজার পা দিতনা, তার কি কখন এমন সাহস হতে পারে? (ভ্তাবর্গের প্রতি) তোবা যে সব হাঁকরে দাঁড়িয়ে রইলি—বাঁধ্না—ব্যাটাকে বাঁধ্নারে—নিয়ে চল্ বেটাকে কারাগারে নিয়ে চল।

ভীম। বাঁধ তে হবেনা, আমি আপনিই যাচ্চি—কোথা যেতে হবে ব'লুন্। কিন্তু মহারাজ যে আমাকে আহ্বান করেছেন তার কি হবে ?

চন্দ্র। হাঁমশাই, মহারাজ এক্ষণে এঁকে গুপ্ত সভাগৃহে আহ্বান করেছেন। আমি বিবেচনা করি, হয়ত রাজদূত আপনাকেও ডাক্তে গিয়েছে।

দেব। আচ্ছাবেস হ'য়েছে তবে এখন সকলে সেই খানেই চল— অজ্যই এর বিচার হবে—দোষ সামান্ত নয়—মহারাজ অবশ্যই এর বিচার ক'রবেন।

[ সকলের প্রস্থান।

## তৃতীয় দৃশ্য।

#### সভাগৃহ।

#### রাজা ও সভাসদ্বর্গ আদীন।

রাজা। কোন বিষয়ই ঠিক জানা যাচ্ছে না—

১ সভা। আমি সংবাদ পেয়েছি, একশত সত্তর খানি রণতরী এদিকে আস্ছে।

২ সভা। আমি সংবাদ পেয়েছি, ছুইশত খানি। সে যা হ'ক যদিও সংখ্যার স্থিরতা নাই, তথাপি এ নিশ্চয় যে, যবনেরা উড়িষ্যার দিকে অপ্রস্ব হ'চেত।

রাজা। দৃত সংবাদ এনেছে যে তারা শীঘ্রই অবস্তি আক্রমণ ক'র্বে।

২ সভা। এই যে এঁরাও এসে উপস্থিত হলেন।

( দেবদাস, ভীমসিংহ, চন্দ্রনাথ, ভৈরবসিংহ ও শশী শেখরের প্রবেশ )

রাজা। সেনাপতি! তোমাকে শীস্ত্রই যুদ্ধে যাত্রা ক'র্ত্তে হবে। যবনেরা অবত্তি আক্রমণের উচ্চোগ ক'রছে। (দেবদাসের প্রতি) আস্তে আজ্ঞাহয় মশাই! আমরা আপনার অপেক্ষায় র'য়েছি।

দেব। এ দাসও আপনার বিচার প্রার্থনার এসেছে। হায় ! আমার কপালে এই ছিল ! আমার কুলগর্কা থকা হ'ল—আমার মৃত্যু হ'লনা কেন ?

রাজা। (সত্রাসে) কেন, কেন, কি হ'য়েছে ? ব্যাপার কি ? দেব। হায়! স্বর্ণলতা! আমার কুললক্ষ্মী স্বর্ণলতা!! আমার এত যড়ের স্বর্ণলতা!!! ১ সভা। কি হ'যেছে ? তার কোন অম**ঙ্গ**ল ঘটে নাই ত ?

দেব। মহারাজ, আমার মর্কনাশ হারেছে!! আমার কুললফ্ষী স্বর্গলতাকে গুণ ক'রেছে—হরণ ক'রেছে—আমার নিষ্কলক্ষ কুলে কালি দিয়েছে!!!

রাজা। এত বড় স্পর্দা, মহাশরের ক্যাকে হরণ করে। কে সে পাপাত্মা? নিশ্চয়ই তার প্রাণ দণ্ড হবে। এমন কি, আমাব আত্মিজও এ বিধয়ে ক্ষমাপাত্র নয়।

দেব। মহাবাজ, সর্ব্যান্তলা আপনার মন্তল ককন--রাজলক্ষ্মী অচলা থাকুন। মহারাজের ভাষবিচারে আমি যার পার নাই স্থা হ'লেম। মহারাজ, আপনার সেনাপতি এই ভীম্যিণহ--এই যাত্ত্বর আমার স্বর্ণলতাকে হরণ ক'রেছে।

সভা। আমরা শুনে হুঃখিত হ'লেম যে সেনাপতির এমন কাজ।

রাজা। ভীমিনিংহ, তোমার এ বিষয়ে কিছু বল্বার আচে? দেব। ও আবার ব'ল্বে কি?

ভীম 1---

মহারাজ, অন্ধদাতা, ধর্ম-অবতার!
সত্য আমি হরিয়াছি, ইহার ছহিত।।
সত্য আমি করিয়াছি বিবাহ তাহায়
যথা বেদ বিধি—এই মম অপরাধ।
জানিনা চাতুরি দেব! বাক্যের কৌশল,
কর্ণবিমোহন চারু বিচিত্র বচন;
আজীবন যুদ্ধপ্রতে প্রতী নরনাথ!
ভাষার লালিত্য আমি জানিব কেমনে!
সপ্ত বর্ষ ত্যাগ করি স্তুখজনাভূমি
পরিহরি পিতা মাতা আত্মীয় স্বজন

কোবল নিযুক্ত যুদ্ধে আছি এত দিন,
কাটায়েছি কাল শুধু সেনা সহবাসে;
জানিনা এ পৃথিবীর কোন সমাচার
রণ বিনা, তবে আমি সং সারির মত
কেমনে করিব আত্মপক্ষ সমর্থন ?
যাহ'ক করুণা-কণা করি বিতরণ,
আমার বক্তব্য দেব শুনিয়া শ্রবণে,
করুন বিচার—কোন্ যাত্-বলে, কিন্তা
কোন্ দ্রব্য-গুণে, লভিয়াছি স্বর্ণলতা,
এক মাত্র প্রাণসমা তন্য়া ইহার।

দেব। মহারাজ! যে কন্সা আপনার ছায়া দেখে লক্ষিতা হয়, যে মূর্তিমতী লজ্জা স্বরূপা, সে কি কখন কুল মান, লোকলজ্জা, ধর্মভয় পরিত্যাগ ক'র্ত্তে পারে? আমি নিশ্চয় ব'লতে পারি, আপনার সেনানী আমার কন্সাকে গুণ ক'রেছে। তা নইলে সে স্বজাতীয় স্থলর যুবকদিগকে উপেক্ষা ক'রে এই কদাকার মারহাট্রাকে কেন অবলম্বন ক'র্ব্বে?

রাজা। যে পর্যান্ত সেনাপতির বিপক্ষে অন্ত কোন প্রমাণ না পাওয়া যায়, তত ক্ষণ কোন দণ্ড বিধানই হতে পারেনা। মহাশয়ের আর কোন প্রমাণ আছে?

১ সভা। সেনাপতি, তুমি কি কোন অসৎ উপায়ে ইঁহার ক্যাকে বঞ্চনা ক'রে নিয়ে গেছ—না—সে যথার্থই তোমার গুণের পক্ষপাতিনী হয়ে তোমার অনুগামিনী হয়েছে ?

ভীম।---

আমার প্রার্থনা দেব! আনাইয়া তায়, তার নিজ মুখে এই সভার সমক্ষে, শুনি সব বিবরণ, করি স্থ্রিচার,
যে দণ্ড এ দাসে দেব দিবেন আপনি,
দণ্ডবৎ হ'য়ে তাহা করিব গ্রহণ।
রাজা। ভাল স্বর্ণলতাকে এখানে আনাও।
ভীম।——
ভৈরব! এখনি যাও, লয়ে এস তায়।

। তৈরবের প্রস্থান।

যতক্ষণ স্বৰ্ণলতা না আসে এখানে, ততক্ষণ নরপতি, অনুমতি হ'লে যে কোশলে, যাত্রবলে, লভিয়াছি তায় আদ্যোপান্ত সমুদায় নিবেদি চরণে।

ভীম।----

রাজা। আচ্ছাবল।

পূজ্য-পাদ দেবদাস ধার্ম্মিক-প্রধান, জিজ্ঞাসিয়া শুনিতেন, মহা কুভূহলে, জীবন কাহিনী মম, বাল্যকাল হ'তে—কত যুদ্ধ, অবরোধ, ভাগ্য-বিপ্লবের স্প্রোতে ভাসিয়াছি অবিরাম ; কত কফ, বিপদ, সম্পদ, কত আহলাদ বিযাদ,—করিয়াছি ভোগ, বার বার এই দেহে। ভ্রমিয়াছি কত শত, কান্তার, প্রান্তর, তৃণহীন, সিকতাস্ধিত মরুভূমি—কত হইয়াছি পার, সদা-গতি যথা সদা বহে, দহে জীবকুলে বহিন্দু সম।

ভানতে ভ্ৰনিতে কত, কালান্তক সম কাল করাল কেশরী করেছি নিধন। কত ভীমকায় যোদ্ধ-সহ যুবিয়াছি। স্মূদায় বিবর্ণ করিয়া বর্ণন, ভ্যিতাম শ্রোভূগণে ভাসাতাম সবে, অন্তত বিশ্বয় রসে—শোক ছঃখ স্রোতে। ক্মল-কলিকা সমা কোমল-হৃদ্যা দর্ণলতা, সে সকল শুনি, মম ছঃখে, কলিতেন অপ্রেপাত দীর্যধাস সহ হ'য়ে বিষাদিনী ৷ অবশেষে অবসর ব্রি এক দিন, গোপনে আমারে বলে, সরল ক্রদয়ে সরল-ক্রদয়া শশীম্থী— কেন হায়! কেন তব জীবন কাহিনী ভনেছিমু, তাই এবে হারামু হৃদয়; চির দাসী হই তব ওহে বীর বর! যদি তুমি, যদি কেহ প্রাণের বান্ধব থাকে তব এ জগতে, ভাল বাসে যেবা আমারে অন্তরে সদা, শিখাও তাহারে মান্স মোহিনী তব জীবনী বলিতে তোমার সমান, এই পাগলিনী কানে. বাধি মোরে আজীবন পরিণয় পাশে। ( স্বর্ণাতা ও ভৈরবের প্রবেশ )

দেৰ। মহারাজ ! এই স্বৰ্ণনতা উপস্থিত। আপনি জিজাসা ক্ৰন--(স্ব্লিতার প্রতি) এস মা এম ! ভয় নাই, সব কথা খুলে বল। অর্ণ। পিতা আমায় ক্ষমা করুন, আমার বল্বাব আর কিছুই
নাই। আপনি আমার জনক, প্রতিকালক, পরম গুরু। কিন্তু এক্ষণে
ইনি আমার আমী, আমার রক্ষক—আপনারা উভয়েই আমার পরম
গুরু। আমার মাতা আপনার প্রতি যেমন ভক্তিমতী ছিলেন, এক্ষণে
ইতার প্রতি তজ্ঞপ শ্রদ্ধা করা আমার অবশ্য কর্ত্ব্য।

দেব। আর কথার কাজ নাই। মহারাজ। আমার মনে আশা ছিল যে, এই এক মাত্র ক্যাকে উপযুক্ত পাত্রে সমর্পণ ক'রে—তাকেই উত্তরাধিকারী ক'রে স্থা হব, কিন্তু আমার অদ্টে যা ছিল—তা ঘট্লো—এমন ক্যা হওয়া অপেক্ষা না হওয়াই ভাল। ভীমসিংহ, আমি এখণ তোমাকে অনিচ্ছার স্বর্ণনতা সমর্পণ ক'রলেম—দেখ যেন তোমার প্রতি ও অবিশ্বাসিনী নাহয়।

রাজা। তা বেস হ'ষেছে—মহাশর, আর হুঃখ ক'রবেন না— স্ত্রীলোকেরা মনোমত স্থামীকে বরণ করে—এ অতি স্থাধের বিষয়। সেনাপতিও স্থালতার অযোগ্য পাত্র নয়—আর আপনার মত লোকের রূপ অপেক্ষা গুণের প্রতিই দৃষ্টি রাখা কর্ত্র্য।

১ম সভা। দেখ ভীমসিংহ, অবন্তির শাসন কর্তা রণকুশল ও স্থানক বটে, তথাপি তোমাকে মোগলদিগের আক্রমণের প্রতিবিধানের নিমিত্ত তথায় গমন ক'র্ত্তে হবে।

রাজা। হাঁ, আজই তুমি যাতা কর।

ভীম। আপনার আদেশ আমাব শীবোধার্য্য, সমব শয্যা আমার সকল শয্যা অপেক্ষা স্থকোমল—কিন্তু স্বর্ণলতাকে কোথা রেখে যাই।

রাজা। কেন, তোমার অনুমতি হ'লে স্বর্ণত। পিতৃ-গৃহেই অবস্থান করতে পাবে।

দেব। নামহারাজ, আমি রাখ্ব'না।

ভীম। আমিও রেখে যেতে ইচ্ছ। করিনা।

স্বর্ণ। আমারও থাক্তে ইচ্ছা নাই, কেননা—আমার দেখে পিতার ক্রোধ, শোক, বিরক্তি আরও রুদ্ধি হ'তে পারে; অনুমতি হ'লে অঃনিও মেখানে বাই। ভীম। মহারাজ, স্বর্ণলতার অভিলাষ পূর্ণ করুন। আপনি এরপ বিবেচনা ক'রবেন নাথে, উনি আমার সঙ্গে থাক্লে, এ দাস কর্ত্তব্য-সাধনে অবছেলা ক'র্বো।

রাজা। যা ভাল বিবেচনা কর, তাই ক'রো। কিন্তু অতাই যেন অবন্তি যাত্রা করা হয়। (দেবদাদের প্রতি) মহাশয়, আপনার জামাতা অনেক ওণে ওণী, পুক্ষের রূপ অপেক্ষা গুণই বিশেষ আদরনীয়।

#### রাজা ও সভাসদর্গের প্রস্থান।

দেব। (ভীমনিংহের প্রতি) স্বর্গলতার প্রতি বিশেষ দৃষ্টি রেখো, আমার বঞ্চনা করৈছে, দেখি যেন তোমারও বঞ্চনা না করে। আজ বিনামূল্যে যে হার হৃদরে ধারণ করিলে, দেখ যেন কাল-ভুজ্জিনী হ'রে সেতোমার প্রাণ বিনাশ না করে।

#### (দবদাদের প্রস্থান।

ভীম। ভৈরব ? আমি এখন স্বর্ণলতাকে রেখে অবন্তিতে যাব;
তুমি এর পাব স্থনিধা মত একে লয়ে যেও, দেখো যেন কোন কফ
হর না। তোমাব দ্রী এঁর প্রিয় স্থী—এঁবা একত্রে থাক্তে ভাল
বাদেন—অতএব তাঁকেও লয়ে যেও। (স্বর্ণলতাব প্রতি) এম প্রিয়ে
এখন আমরা যাই—শীঘ্রই আমাকে বিদায় হাতে হবে।

#### ভীমসিংহ ও স্বর্ণলতার প্রস্থান।

শ্ণী। ভৈরব!

ভৈবব। কি ব'লছো।

শনী। এখন আমি কি করি?

ভৈরব। কেন বাড়ী গিয়ে স্থাথে নিজা দাও।

শনী। না—না— তা হবেনা, আমার এত দিনের আশা, ভরসা সব গোল। এখন জার বেঁচে স্থখ কি ? আমি জলে ডুবে মর্কো।

ভৈরব। সে কি হে १ ডুবে মর্ত্তে যাবে কেন বল १

भभी। यम यथन दिखा इस, उथन मद्रालंद द्रावखाई इंट्स थारक!

ভৈরব। সে কিছে, তুমি পাগল হ'লে নাকি? এই চাব সাতে আটাশ বংসর তোমার বয়স হ'লো, তোমার কি ভাল মন্দ কিছুই বিবেচনা নাই? আপনার অপেকা প্রিয়ত্তব কে আছে হে? এক্টা মেয়ে মানুষের জন্ম অমূল্য জীবন নন্ট ক'রবে। বানরের মত বুদ্ধি নাহ'লে, কে আর ময়ুরের বদলে কাক নিতে চায় বল?

শশী। আমার আর উপায় নাই। কি ক'রবো ? যদিও স্বর্ণনতাকে ভাল বাসি বটে, কিন্তু তাদের প্রণয় ভন্ত ক'ব্লে ধর্ম থাক্বে না।

ভৈবব। হাঃ হাঃ ধর্ম আবার কি হে? এ-যে-শরীরটী দেখ্ছ দাদা, এ কিছুই নয়; আর মলেও যে কিছু থাকে তা প্রাণাত্তেও বিশ্বাস ক'রোনা। এখন যত দিন বাঁচ মনের সাথে হেঁসে খেলে নাও। একটা সামাত্ত মেরে মামুবেব জত্তে ম'র্তে যাবে? ছি ছি ও কথা মুখে এনমা।

শশী। কিন্তু ভাই যা বল এমন আর হবেন।।

ভেবব। আমার কথা শোন, এখন এমন একটা দাড়ী তয়েব,কর, যা পারলে অস্তে চিন্তে না পাবে; এমন কি যাদের সঙ্গে সর্ফলা কথা বার্ত্তা কও তারাও দেখলে বিদেশী মনে করে। আর কিছু টাকা নাও। বুকলে? বেশী ক'রে টাকা নিয়ে আমাদের সদে চল। আমি তোমার সহায় থাক্বো কোন চিন্তা নাই। টাকা গোটাকত বেশী ক'রে নিও তা হলেই সব হবে বুঝ্লে? অর্ণলতা কদিন তাকে ভাল বাস্বে? সে বেটা কুৎসিৎ, অসভ্য। তার উপর কখন অমন স্থন্দরীর মন বস্তে পারে? মারহাটার মন অত্যন্ত চঞ্চল—আজ তার মুখে যা মধুব মত মিটি লাগছে, কাল তাই আবার তার মুখে চিবতার মত তেতো লাগ্বে। কিছু বেশী ক'রে টাকা নিও, বুঝ্লে? টাকায় কি না হয় ? মর্ভে যাবে কেন। আমি নিশ্চর ব'লছি তুমি তাকে পাবে,—আত্মহতা ক'র্তে যাবে কেন? তার সঙ্গে গাঁসি যাও সেও ভাল তরু এক্লা নয়। চেটা ক'র্লে কি না হয়?—সাধ্যমত চেন্টা কর তার পর যা হ'ক।

শশী। হাঁ হাঁ বেদ ব'লেছ—তোমার পারামর্শ মতেই চ'লবো— এরই মধ্যে হতাশ হব কেন ?

ভৈরব। হাঁ, এখন মানুষের মত কথা কচ্চ। আমি তোমাকে বার

বার ব'লেছি, এখনও ব'ল্ছি যে সেনাপতিকে আমি বড় য়ণা কবি।
তোমার ও দে সামাত্ত শক্ত নয়। তোমার মুখের অন্ন কেড়ে নিরেছে—
এখন তুমি যদি তার অর্ণনিতাকে এক দিনের তরে ও লাভ ক'ব্তে পার,
তা হ'লে তোমারও আশা পূর্ণ হয়—আমারও শোধ লওরা হয়। এখন
বিদাশ হও, কাল সকালে একবার আমার সঙ্গে দেখা ক'রো।

শ্লী। হাঁ। তবে এখন আসি।

ভেরব। হাঁ, এস। টাকা সংগ্রহ করগো। আর ডুবে মর্বার নাম মুখেও এননা।——

শিশীর প্রস্থান ৷

(স্বর্গক) হুঁ, একে যোগগৈড় করাতে আমার অনেক সাহায্য হবে। বেদ হ'ল, এইবার সেনাপতির সর্বনাশের স্থ্রপাত হ'লো। বেটা আমার কর্ম না দিয়ে, দিলে কি না চন্দ্রনাগকে! পাক বেটা তোমাব আরে ধূল দিয়ে তবে আমার আর কাজ। হাঁ চন্দ্রনাগ, ঠিক হ'রেছে চন্দ্রনাগ প্রম স্করে—সেই আমার ব্রহ্মান্ত্র। সেনাপতির কানে কোন স্থ্যোগে তুলে দেব যে, স্বর্ণলতা তার সংসর্গে ভ্রন্টা। বেটার স্থুল-বুদ্ধি, আমার কথা কংনই অবিশ্বাস ক'রবেনা। আমিও তাকে নাকে দড়িদিয়ে যি দিকে ইচ্ছা চালাব।—বেস হয়েছে, এই রকমই ক'রতে হবে—আমার ক'রবেন কি?

যে জন অন্ধকারে কার্য্য সারে। তার কেবা কি ক'র্ত্তে পারে ?

প্রস্থান।



## দিতীয় অঙ্ক।

#### প্রথম দৃশ্য।

## অবন্তি নগর বন্দরের পুরোভাগ। ধর্ম্মদাস ও তুই জন নাগরিকের প্রবেশ।

ধর্ম ৷ মহাশয় এঁদের আগমন বিষয়ে কিরূপ অনুমান করেন ?

১ না। কিছুই ত বুঝতে পাচ্ছিনা, এত <sup>\*</sup>বিলখের কারণ কি ? দূত শুনে এসেছে যে সেনাপতি মহাশয় সেই রাত্রেই তরণী আরোহণ করেছেন।

২ না। উঃ! কাল কি ভয়ানক ঝড়ই হ'য়েছিল; স্মরণ ক'রলে হংকম্প হয়! সমুদ্রের জল যেন আকাশকে চুম্বন ক'ত্রে উঠেছিল। সে উত্তাল তরঙ্গ দেখলে কি আগর তরণীতে উঠুতে সাহস হয়?

১ নাঃ বোধ হয় সেই ঝঞ্চাই এঁদের বিলম্বের কারণঃ

২ না। শুন্লেম যবনেরা না কি এই দিকেই অগ্রসর হ'ছেছ। এ কথা ষদি সভ্য হয়, তা হ'লে ত তাঁদের বিষম বিভ্রাট।

## ্( তৃতীয় নাগরিকের প্রবেশ )

৩ না। মহাশয় বড় স্ম্মাচার; শুনে আহ্লাদিত হবেন!

১ ना। कि मःवाम (इ?

২ না। কি কি ব্যাপার কি ?

ত না। যবনদের তরী গুলো একেবারে ধ্বংশ হ'য়ে গেছে। তারা এখন অগত্যা যুদ্ধের আশা ত্যাগ ক'রে ফিরে চলেছে।

ধর্ম। এ সকল কথা সভ্য তার প্রমাণ কি ? আপনি কোথা থেকে শুন্লেন। তন। মহাশর! সেনাপতির সহকারী চন্দ্রনাথ এই মাত্র এসে উপস্থিত হ'লেন, আমি তাঁরই কাছ থেকে এ সকল সংবাদ লয়ে আস্চি। সেনাপতি মহাশয় এখনও পৌছান নাই।

প্যা। বেশ বেশ শুনে যার পব নাই সুগী হ'লেম। সেনাপতি মহাশ্য অতিশয় উদার লোক।

তন। সহকারী মহাশার যবনদের প্রতিগমন সংবাদ দানে যেমন আহ্লাদ প্রকাশ কল্লেন; আবার পাছে সেনাপতি মহাশারের কোন বিপদ ঘটে, তজ্জা উৎকণ্ঠা প্রকাশ কর্ত্তে লাগালেন।

ধর্ম। চলুন আমরা সমুদ্রতীরে যাই। তাঁকে অভ্যর্থনা ক'রে লয়ে আসি। বোধ করি সেনাপতি মহাশ্য শীঘ্রই উপস্থিত হবেন।

৩না। চলন--

## (চন্দ্রনাথের প্রবেশ)

চন্দ্র। নমস্কার!

সকলে। নমস্কার! -আস্তে আজা ইয়।

চন্দ্র। আপনার সকলে ভাল আছেন তো।

ধর্ম। আজা ইা জাপনাদের মন্দল তো।

চন্দ্র। ইাএখন ঈশ্বরের আশীর্কাদে সেনাপতি মহাশয় নির্কিষে পৌছিলেই নিশ্চিন্ত হই।

ধর্ম। ঈশ্বর কক্ষন তিনি যেন নির্বিছে এখানে পেনিছেন। ই। মহাশ্য তাঁর নাকি সম্প্রতি বিবাহ হয়েছে?

চন্দ্র। আজ্ঞাহাঁ। তিনি মহামান্ত ধার্মিকশ্রেষ্ঠ দেবদাদের কন্তা স্থানতাকে বিবাহ ক'রেছেন। মনোমত পত্নী লাভ হ'লে এই সংসারে স্থান আরু অপ্রিরবাদিনী কুংসিতা রমণী এই সুখমর সংসারকে বিষমর করিয়া তোলে। সেনাপতির ভাগ্যা শশী সম্পূর্ণ সামুকুল। স্থানতার বর্ণ যেমন মনোহর, অঙ্গ সেফিব যেমন স্থানর মূর্ত্তি যেমন নয়ন-রঞ্জিনী, চরিত্র ও তদমুরূপ স্থানর, প্রীতিকব। এরূপ সাবিত্রীব ন্তার পতিব্রতা, দমরন্তীর ন্তার ভক্তিমতী, সীতার ন্তায় সমত্বংখিনী প্রণায়িনী জগতে নিতান্ত হুর্লভ। ধর্ম। সেনাপতি মহাশয় অর্গলতাকে লাভ কবেছেন, ইহা অতি স্থাধের বিষয়। শুনে যার পার নাই স্থাই হ'লেম। আমাদের এখানে ভজ্জন্য আননদ উৎসব হওয়া আবশ্যক। আপনি এখন বিশ্রাম ককন আমি শীস্ত্রই আস্চি।

্ধর্মদাসের প্রস্থান ৷

চন্দ্র। যে আজ্ঞা। (স্থাত) কৈ এঁরা এখনও আস্ছেন না।— এ কারা আস্ছে?—আসন দেবী! প্রণাম হই, মেকিয়েত কোন কট হয় নাই।

( স্বর্ণলতা, ভৈরবসিংহ ও সরমার প্রবেশ )

ষ্মণ। না চন্দ্রনাথ, ভৈরব আমাদিগকে বেশ স্থাথ এনেছে। কৈ সেনাপতি কোথা?

চন্দ্র। তিনি এখন ও পৌছান নাই। শীত্রই উপস্থিত হবেন , কোন চিন্তা নাই।

স্বৰ্ণ। সে কি? তিনি এখনও আসেন্নি! তোমগ্ৰত একত্ৰে আস্ছিলে?

চন্দ্র। আজে না, আমি অতো যাত্রা করি। (নেপ্র্যোভেরী ধ্বনি) এই যে আবার ভেরী ধ্বনি হ'ছে, বোধ হয় আমাদের কেট এলো। সরমে তুমি এমন নীরব হ'য়ে ব'সে রয়েছ কেন ?

ভৈরব। উনি দিনের বেলা পুৰুষের সঙ্গে কথা কন না।

চন্দ্র। তবেত গুণ অনেক।

ভৈরব। ওঁদের আবার গুণ অনেক নয়! ভগবান দশ স্বতারে দশ মূর্ভি ধারণ করে ছিলেন, কিন্তু ওঁরা এক নারী অবতারেই নানা মূর্ভি ধারণ করেন। ওঁরা রালাঘ্রের বিজ্ঞাল। বাসর ঘরে বেশ্যা। টাকা দেখলেই গিলি। দোব কলেই তপ্সিনী।

यर्ग। हुल कत्र। आत्र खी निमा करं उं श्रवना।

ভৈরব। ই। দেবি চুপ ক'রলেম, কিন্তু জ্রীলোকের কচিটী বড় ভাল নর। **इस् ।** (कन ? किरम ?

ভৈরব। তবে শুন্বেন?

অর্ণ। নানা আর কাজ নাই, তুমি থাম,।

চন্দ্র। দেবি। ভৈরবের অন্তর ভারি সরল কোন দোষ লবেন্ না।

অর্ণ। না, ভৈরব বেশ আমুদে লোক ওর কথা বার্তা বেশ, তবে আমার মন নাকি উদ্বিগ্ন আছে, তাই কিছুই ভাল লাগ্ছেনা।

চন্দ্র। দেবি! আমাদের আসবার পূর্ব্বে উচ্চানপাল আমাদের শুক্রাবার জন্ম এই ফুল গুলি রেখে গেছে গ্রহণ কৰুন। (পুষ্প প্রদান)

ভৈরব। (অগত) চূপি চূপি কি বলে হাতে ফুল দিলে, হুঁ হ'রেছে।
এই সামাত্র স্ত্রে—এই সামাত্র মাকড্ সার জালে, যদি চন্দ্রনাথের মত
এত বড় একটা মাছিকে না বাঁধ্তে পারি, তবে চাতুরী কি? বুদ্ধিই
বা কি? ইাসি আবার হাঁসি। (নেপথ্যে জয়ধ্বনি) (ভৈরব সত্রাসে)
বোধ হয় সেনাপতি এসেছেন তাই এত জয়ধ্বনি——

#### (ভীমসিংহের প্রবেশ)

ভীম। স্বৰ্ণলতা! স্বৰ্ণ। নাথ।

ভীম। বিরহ, মিলনে পরিণত হ'লে কেমন স্থকর। উৎকট 
কৃষ্ণার পর জল যেমন কৃপ্তিপ্রাদ; দম্পতীর দীর্ঘ অদর্শনের পর মিলনও
তেমনই স্থময়। প্রেমের কি আশ্চর্য্য মহিমা! তোমায় না দেখে আমার
মন যত আকুল হ'য়েছিল তোমায় দেখে ততোধিক প্রফুল্ল হ'ল।

অর্ণ। নাথ অধিনীর প্রতি চিরদিন এমনই অনুকূল থাকেন, এই আমার প্রোর্থনা।

ভীম। প্রিয়ে! তোমার প্রণয় লাভ করে আমি যার পর নাই স্থী হ'য়েছি। আমার হৃদয়ে স্বর্গস্থ অনুভূত হ'য়েছে।

ভৈরব। (স্বগত) আর বড় দেরি নাই। ভৈরব তোমাদের স্থাধের পাথে কাটা দেবে। তথন স্থা টের পাবে, বাবা মিটে প্রেম তেতো লাগ্বে। ভীম। দেখ চন্দ্রনাথ! তুমি আজ আমাদের সঙ্গে থেক। চল প্রিয়ে এখন অন্তঃপুরে যাই। এ নগর অতি রমনীয় স্থান, এখানে আমার অনেক বন্ধু আছে। অধিবাসীরা আমাকে যথেষ্ট সম্মান করে। তুমি সকলেরই কাছে সম্যক্ সমাদর পাবে। দেখ ভৈরব! নেকি। হ'তে সমুদায় জিনিয় পত্র এনে তুর্গমধ্যে রাখ।

[ চক্রনাথ, ভীমিসিংহ ও স্বর্ণলতার প্রস্থান।

ভৈরব। গুরে দেখ্, বাহিরে এক জন দাড়িগুরালা লোক দাঁড়িয়ে আছে ডেকে নিয়ে আয় দেখি। (শশীশেখরের প্রবেশ) দেখ দেখ বড় মজা হ'য়েছে, এরি মধ্যে চন্দ্রনাথের সঙ্গে মজেছে।

শশী। সত্তি নাকি ? নানা এ মিখ্যা কথা আমি ত ও কথা বিশ্বাস করিনা।

ভেরব। (চোঁটের উপর অঙ্কুলি দিয়া) যা বলি চূপ ক'রে শোন। আমার পরামর্শে চল্লে তোমার জয় জয় কার। নিশ্চয়ই ব্যনিতা লাভ হবে। ও বেটা মারহাট্টা, কুৎসিৎ, কদাকার, দেখলে লোকের ভয় হয়, ওর ওপর কখন ব্যনিতার মন বস্তে পারে? মেয়ে মানুষের মন নরম। পাঁচটা মিফ কথা ক'য়ে ভুলিয়েছে বৈতনয়, সেত আর ওকে ভাল বাসেনা। আর বাস্বেই বাকেন? রূপ ধর, গুণ ধর, আচার ধর ব্যবহার ধর, কথা বার্তায় ধর সেনাপতি কিছুতেই তার উপয়ুক্ত নয়। তুমি মনে কর ওদের প্রেমের ভারি অগটাত্তীটা তা নয় দাদা তা নয়। কুমুদিনী অন্ধকারে চাওরাতে না পেরেই জলধরকে স্থাকর মনে ক'রে ছিল। এখন চাঁদ উচেছে। চন্দ্রনাথের প্রতি দৃষ্টি পড়েছে। তোমার ভালই হয়েছে।

শলী। না, না, স্থালতা তেমন নয়, তার মন ভাল। সে কখন এমন কাজ ক'র্বের না।

ভৈরব। ক'রেছে আবার ক'র্বেশ না। না কর্বেই বা কেন? আমি চ'কে দেখেছি তার। চুপি চুপি কথা কয়, হাঁদে, ফুল দেয়। তুমি কি পার্যল; ম'নে কর স্বন্দরী হ'লেই সতী হয়। আমি এক প্রামর্শ দিই শোন। আজ রাত্রে চন্দ্রনাথ নগার রক্ষণ ক'র্বেন। তুমি তারে রাগিয়ে দিয়ে যে কোন রক্ষে হ'ক একটা কাণ্ড বাঁধিও।

শশী। ভাতে আমার লাভ কি হবে?

ভৈরব। আরে যা বলি তাকর, তার পর ফল দেখতে পাবে। দে ভারি বদবাগী লোক, রেগে তোমার মার্তে যাবে, তুমি অমনি চেঁচিয়ে পাঁচ জন লোক জমিয়ে সরে প'ড়বে। তোমার কিছু মাত্র ভয় নাই, আমি তোমার কাছেই থাকবো।

শশী। তোমার প্রামর্শ অবশ্য মান'ব। কিন্তু দেখ, সব ফাঁকি নাহয়।

ভৈরব। না, না, তার জত্ত কোন চিন্তা নাই, এখন বিদায় হও। ( শশী শেখরের প্রস্থান ) চন্দ্র যে তাকে ভাল বাদে তাতে আর সন্দেহই নাই। আর দেও যে তাকে ভাল বাস্বে এত প'ড়েই রয়েছে। অমন কার্ত্তিকের তার স্থন্দর পুরুষকে ছেড়ে, কে এমন কদাকার কুন্তবর্গকে নিতে চার। আর সেনাপতি—সেনাপতি তাকে ভাল বাসে বটে— তার জন্মে লালায়িত। স্বর্ণলতা তার জন্মে নয়। নিশ্চয়ই নয়। আর আমি? আমি কি স্বৰ্ণতাকে ভাল বাসিনা? আচ্ছা আমি যদি অব্লতাকে ভাল বাসি তবে তার সক্ষণাশ করি কেন ? মা কার্বই বা কেন ? আমি যে স্থাখে বঞ্চিত হয়েছি, কদাকার ভীমসিংহ সে স্থা ভোগ ক'রবে। প্রাণ থাক্তে তা দেখতে পার্বনা। এ পিশাচের জন্মই আমায় স্বর্ণলতায় বঞ্চিত হ'তে হ'ল। ওর স্ক্রিশ আমি ক'র্বোই ক'রবো। ও যদি না থাক্ত তা হলেত অর্ণলতা আমারই। ওইনা আমার স্বর্ণনতাকে নিয়েছে। ভাব্লে সর্ব্ধারীক জ্বলে ওঠে। আমি সন্দেহ বিষে ওকে বিনাশ ক'র্বো। শশীটা আমার প্রামর্শ মত চল্লেই ত আজ চন্দ্রনাথের মাথা থেয়েছি। আমার বুদ্ধি কি সামান্ত। বাই এখন বেলাটা অধিক হ'য়েছে।

প্রস্থান।

#### দ্বিতীয় দৃশ্য।

#### রাজপথ।

( রাজদূত ও নাগরিকদের প্রবেশ।) (বাজসহকারে রাজাদেশ প্রচার) মহারাজ ভীমসিংহ দৈনিক প্রধান। হয়েচেন উপনীত কালি এ নগরে অবন্তি ভাদিল পুনঃ স্থথ শান্তি জলে ভাতুর উদয়ে যথা যোর অন্ধকার ভয়াকুল শ্লেচ্ছ সেনা করেছে প্রস্থান I বিজয় উৎসব আজি করহে সকলে দীপ মালা দারে দারে সন্ধ্যার সময় সেনানী সম্মান হেতু করিবে স্থাপন; পুষ্প মালা ধ্বজ দণ্ড প্রতি গৃহোপরে রাখিবে যতনে দবে স্থদক্ষিত করে। নৃত্যু গীত বাদ্যু যার যাতে অভিলাম আনন্দে করিবে দবে পুরাইয়া আশ। রাজদারে নিমন্ত্রণ হ'ল স্বাকার ব্ৰাহ্মণ ক্ষত্ৰিয় শূদ্ৰ নাহিক বিচার ; যার যাহা ইচ্ছা আসি করহ ভোজন অনাহারে যেন নাহি থাকে কোন জন। মঙ্গলা করুন তার মঙ্গল বিধান, আনন্দেতে গাও সবে তাঁর গুণ গান।

### তৃতীয় দৃশ্য ।

#### हुर्गक मत्रमानान।

### (ভীমসিংহ'ও চন্দ্রনাথের প্রবেশ।)

ভীম। দেখ চন্দ্রনাথ! আজ তুমি নগার পর্য্যবেক্ষণে নিযুক্ত থাক।
আমোদে উন্মত্ত হয়ে যেন কর্ত্তব্যের ক্রটি না হয়।

চন্দ্র। ভৈরব সকল কার্য্য স্থসম্পন্ন ক'র্ব্বে; সে নিমিত্ত কোন চিন্তা নাই। আমিও তত্ত্বাবধারণ ক'রব।

ভীম। হাঁ ভৈরব স্থানক বটে। আমি নিশ্চিন্ত রইলেম্য কাল প্রাতে আমার সহিত সাক্ষাং ক'র। এখন বিদায় হই।

## (ভীমসিংহের প্রস্থান ও ভৈরবের প্রবেশ।)

চন্দ্র। এই যে ভৈরব এসেছ। বেশ হয়েছে; চল আমরা হুজনে মারের চারিদিক পর্যাবেক্ষণ ক'রে আদি।

ভৈরব। আঃ মশাই তারি জয়ে এত ব্যস্ত হ'চ্ছেন ? এখনও রাত্রি পাঁচদণ্ড হয় নাই এখনি কেন ? সেনাপতি মহাশয় অন্তঃপুরে যাবেন বলেই আপনাকে এত শীঘ্র বিদায় দিলেন।

চন্দ্র। তাঁর স্ত্রী দিব্যলাবণ্যময়ী পর্মাস্থনরী।

ভৈরব। খুব রসিকাও বটে।

De । इरें इरें इरें ।

ভৈরব। তার চক্ষু ছুটি দেখেছেন যেন সকলকে আহ্বান কচ্ছে।

চন্দ্র। তা বটে কিন্ত-

ভেরব। মশাই! আজ আমোদের দিন—ভাঁরা স্থাংথ থাকুন—আস্বন একটু সিদ্ধি খাওয়া যাক্। রাত জাগতে হবে।

চন্দ্র। না হে না, আজকে সিদ্ধি টিদ্ধি কিছু খাওয়া হবেনা। আমার ওসব সয়না, অপ্পেতেই নেশা হয়।

ভৈরব। নেশা আবার কি ? সহজে রাত্জাগতে পারবেন, মনও

বেশ ক্ষূর্তিতে গাক্ষে, শরীর ও বেশ তাজ। গাক্ষে ; কোন কট হবেনা, আস্ক্রন এক বাটী খান, অধিক না।

চন্দ্র। আমি এই মাত্র এক বাটী খেলে আস্ছি, তাতে আবার অনেক মিঠি দেওয়াছিল। তাই খেয়েই আমার গাঁ সুরছে,—আর ধাবনা।

ভৈরব। আঃ আমার অনুরোধ বাধুন, এইটু খান। চন্দ্র। দাও খাই, কিন্তু আর না। (দিদ্ধি পান)

ভেরব। (অগতঃ) আর এক বাটী খাওরাতে পালেই তোমাব দকা রফা করেছি। এতে পূঁতুরার কল, নেঁড়ির রম, অনেক মশলা দেওরা আছে। খেলে অরং শিবের নেশা হয়; মানুষত কোন ছার। এখন শশেটা পালেই হয়। বেটা কি বোকা, কি নিজেনে কি দুর্থ, মূর্য না হলেই বা আমার জালে পড়বে কেন ? - মনে করে অর্থলত। তাব-- এই যে ধর্মদাম আসছে। ওকেও বিছু খাইবে দেওরা যাক—আরে কেছে ধর্মদাম যে, এম এম। তবে ভাল আছত ?

#### (ধর্মদাদের প্রবেশ।)

ধর্ম। আজে যেমন দেখ্ছেন।
'ভেরব। ই।বস। একটু সিদ্ধি খাও। (মিদ্ধি এদান ও পান)
চন্দ্র। তাইত হে বড় গাটা সুক্তে লাগ্ল যে। না খাওরাই ভাল
ছিল।

ভৈরব। ( হত্য করিতে করিতে )

ধন্য ধন্য সিদ্ধি দেবী নানা বৃদ্ধি দায়িনী।
দেব দেব মহাদেব জীবী ক্লি বাসিনী॥
গাঞ্জা ব্ৰহ্ম সমূৎপন্না বীন্ত্ৰল অঞ্জীবন সঙ্গিনী॥
সৰ্ববৃহ্বে ক্ষত্ৰকুল আজীবন সঙ্গিনী॥

চন্দ্র। বাঃ বাঃ কি মজার গান।

ভৈরব। না হবে কেন বাবা কেমন লোকের কাছে শেখা। চন্দ্র। কার কাছে হে কার কাছে ?

ভৈবৰ। বাবা শুন্লেই আ'কেল্ গুড়ুম্ হবে। তান্সানের মার নাম শুনেছ ?

भर्म। ना। कि वल (मिथ ?

ভিরব। গোরালিয়র।গোরালিয়র তান্সানের গর্ভধারিণী। আমি গোরালিয়রে এই গান শিখে এসেছি। সিদ্ধি লাও, খুব খাও, দেদার খাও।

চন্দ্ৰ। মশাই খান্।

ধর্ম। না, না, আপনি খান্। (ভৈরবের প্রতি) মহাশয় আর একটি গান কহন।

ভৈর। তবে শুরুন।

#### গীত।

ঘুমাও নলিনী মুদি স্থচারু লোচন দিন যায় দূর দেশে করিব গমন পুনঃ লো প্রভাত হলে, এই সরোবর জলে, জাগাইব কর জালে, করি আলিঙ্গন।

চন্দ্র। বেস্থান্ গাইলে যে ছে। ভৈরব। আবার শুন্বে?

চন্দ্র। আচ্ছা ভৈরব! তুমি বল্তে পার, তার। গুল কি?

ভৈরব। বাবা তাও জাননা? ও সব চাদের ওঁড়, বিধাতা আকাশ-ময় ছড়িয়ে দিয়েছে।

চন্দ্র। ঠিক কথা বলেছ। রাত হয়েছে এখন যাওয়া যাক্।

চিন্দ্রনাথের প্রস্থান।

ভৈরব। আমাদের সহকারী মশাই বেস্ আমুদে লোক; কথার কথার হাঁসি, লোকের সজে বেশ মিফালাপ করেন। দোবের মধ্যে কিছু বদুরাগি।

ধর্ম। হাঁ বেশ লোক বটে, আলাপ ক'রে স্থ্য আছে। ভৈবৰ। মশাই কি এখন শয়ন কর্বেন ? (নেপথ্যে গোল্যোগা) একি ? কিন্যের গোল্যোগা?

( শশীশেখরকে মারিতে মারিতে চন্দ্রনাথের প্রবেশ। )

চক্র। পাজি, তুই আমার চিনিস্না!

ধর্ম। কি হ'রেছে মশাই?

চন্দ্র। বেটা আমায় কাজ শেখাতে এসেছিদ্ ( প্রছার)

শ্শী। ওগো বাবাগো মেরে ফেলে গো, আমার বাঁচাও, আমি মলুম। একি কীল বাপ্!

চন্দ্র। আবার কথা কচ্ছিন্, জুত মেরে মুখ ছিঁড়ে দেব, জানিস্। (প্রহার)

শনী। আর মেরনা বাবা, আমি তোমার পারে পড়ি, আমার ঘাট হ'রেছে। প্রাণান্তে আর আমি তোমানের সঙ্গে লাগ্বোনা। আমার ছেড়ে দাও, আমার ঘাট হয়েছে।

ধর্ম। মশাই ছেড়ে দিন্, ভদ্রলোককে আর মারবেন্ না।

চন্দ্র। তুমি কে ? তোমার কথায় কাজ কি ? চুপ্রও।

ধর্ম। কি ভোর যত বড় মুখ, তত বড় কথা, আমার অপমান্, পাজি নেশাখোর।

চন্দ্র। আমি নেশাখোর ? তুই এত বড় কথা বলিস্। আয় তোকে আজ হুখানা ক'রে কাট্ব। ( য়ুদ্ধ )

ভেরব। যাও যাও, যত পার লোক জমাওগো। খুব একটা গোলযোগ করগো। (শশীশেখরের বেগে প্রস্থান ও গোলযোগ) আপনারা করেন কি? পাগল হ'য়েছেন নাকি? হায় হায়! সর্কাশ হ'ল—আজ একটা কাও ক'রবেন তবে ছাড়বেন—ছিঃ ছিঃ আপনা আপিনি এমন কর্ত্তে আছে? উঃ মশাইরা ক্ষান্ত হ'ন ক্ষান্ত হ'ন।
সেনাপতি মহাশ্র আমহেন।

#### (ভীমসিংহের প্রবেশ)

ভীম। তোমরাক'বছ কি?

भग्। अहेगांन शिक्षी जात्र (मिर्थ।

ভেরব। আধনাকা অখ্যাগ ককন, (ধর্মদাসের প্রতি) সেনা গতি ব'লচ্ছেন অখ্যাগ ককন। নিরস্ত হ'ন, তাঁর আদেশ অমাজ ক'রবেন না।

ভীম। দেখ, তোমাদের বড স্পর্জ। ছবেছে, আমি বল্ছি এখনি অস্বতাংগ কব। কেন এ বিবুদ্দ হ'ল। কে স্ত্রপতি ক'বলে? ভৈরব। ভূমি অস্ফোচে বল এ কাম দেখি?

ভৈবৰ। দেব! কাব দোস আমি কিছুই জানিনা। এই ক্ষণ কাল পুনে আমরা সকলে ব'নে মিটালাপ কচ্ছিলাম, কেন যে অক্ষাৎ এঁদেব মতিজম হ'ল, কেন যে বিবাদ ক'রলেন বিছুই বন্তে পারিনা। কেবল——

ভীম। চন্দ্রনাথ! তোমার কি কিছুমাত্র কাওজান নাই। আমি তোমার ওক্তব ক্ষের ভার দিলেম, তুমি এমন বালকের তাই কাই্য কেন ক'বলে?

চন্দ্র। প্রভোণ আমার ক্ষমা ককন। আমার অপরাধ মার্জন। ককন।

ভীম। চি চি ধর্মদাস। একি তোমার যোগ্য কাজ হ'লো, তুমি ভাল ব'লে, নগর শুদ্ধ লোকে তোমার প্রশংস। করে। এখন তুমি কি কাজ ক'রলে বল দেখি? সে যা হোক, এ বিবাদের স্থা কি তা জানতে চাই।

ধর্ম। দেব! এই নবাধম আমার সাংঘাতিক আঘাত কারেছে, আগনি ভৈরবকে জিজাসা বকন, সমস্ত অবগত হবেন। আমি আর কথাকুইতে পারিনা, আমার বড় বফট হচ্ছে। দেব! আমার কোন অপরাধ নাই, আত্ম রক্ষার জন্মই কেবল অস্ত্র ধ'বে ছিলাম। উঃ!

ভীম। তোমরা অতান্ত অন্তান্ত কাজ ক'বেছ। তোমবা কোন্ সাহসে এমন সময়ে নগবেব যুদ্ধ ভন্ন, বিদ্যোহ ভন্ন জেনেও অসংকোচে বিবাদ ক'বলে। ভিন্নব! সভ্য কাৰে বল, কে এ বিবাদেব মূল ?

ধর্ম। দেখ তুমি যদি চন্দ্রনাথের হায়ে অন্যায় সাক্ষ্য দাও, তা হ'লে তুমি ক্ষত্রিয়নও?

ভীম। চন্দ্ৰনাগ ! আমাৰ বিবেচনায় তুমিই সম্পূৰ্ণ দোৱী। তোমাৰ অত্যন্ত ভাল বাসি ব'লে কৰ্মচ্যুত করেই নিরস্ত হুলেম। নচেৎ আর ও গুক্তর দণ্ড দিতাম! (ধ্যাদাদের প্রতি) তুমি আঘাত পেয়েছ য,ও এখন গৃহে যাও। এখনই চিকিৎসালয়ে সংবাদ পাঠাও।

थश्राग ।

ভৈবব। আপনি কি কোন আঘাত পেরেছেন ?
চন্দ্র। যে আঘাত পেরেছি, তার আর ওর্গ নাই।
ভৈরব। ঈশ্বর ককন আপনি শীস্ত আরাম হন।
চন্দ্র। কি কলম্ব! কি অখ্যাতি!! আমি কি নির্কোগ, আজ নিজি

খেরে যশ মান সব খোলালেম্। আমার মান্ সন্তম সব গোল, হার হার ! ধনে প্রাণে মলেম্। আমার মান গোল, আমার যশ গোল, আমার সব গোল!!

ভারব। মশাই মিখ্যা হ্লংখ ক'রছেন। যশ মান গেছে তাব জন্য ভাবনা কি? সেনাপতিকে সন্তুফ কর্ত্তে পার্লেই আবার সব পাবেন। তিনি আপনাকে যথেফ ভাল বাসেন, স্নেহ করেন; কেবল লোক দেখানে কর্মচ্যুত করেছেন, তার জন্ম চিন্তা কি? লোকে কথার বলে "ঝিকে মেরে বউকে শেখান" বাস্তবিকই কি আপনাকে কর্মচ্যুত করেছেন; সে ভর ক'রবেন না।

চন্দ্র। হার! নেশাতেই আমার সর্বনাশ ক'র্লে, সিদ্ধির ভিতর শক্র ছিল, জান্লে কি আমি সিদ্ধি ছুঁতেম।

ভৈরব। আচ্ছা মশাই যাকে ধরে এনেছিলেন, সে লোকটা কে? চিন্তে পেরেছেন? করেছিল কি?

চন্দ্র। কে জানে কিছুই মনে হয় না।

ভৈরব। সেকি মশাই?

চন্দ্র। নেশা হ'লে কি মান্যের জ্ঞান থাকে, তা মনে থাক্রে। নেশা মাত্রই খারাপা। নির্কোধেরাই নেশা করে, মূর্থেরাই নেশা করে।

ভৈরব। আমার প্রামর্শ শুনুন। দেনাপতি আজ কাল বড় স্ত্রীর বশ। আপান গিরে ধকন্। তিনি আপনার প্রার্থনা নিশ্চয়ই পূর্ণ করবেন্। দেনাপি জিকে ব'লে ক'য়ে আপনাকে কাজ দেওয়াবেন সন্দেহ নাই।

চন্দ্র। সেই ভাল। আমি কালই সকালে ভাঁর সঙ্গে সাক্ষাৎ ক'রবোঃ

ভৈরব। হাঁখুব জিদ্ক'রে ধরবেন। স্বর্ণলতা সদয়া হ'লে কোন চিন্তাই নাই।

চন্দ্র। আমি নিতান্ত মূর্খ, বোকা, নির্বোধ, তাই আজ সিদ্ধি খেয়েছিলাম। এখন বিদায় হই। (পরষ্পার অভিবাদন)

ভৈরব। (স্বর্গতঃ) যে নিজে আপনাকে বোকা বলে, সে বোক।

নয়ত কি ? আমার পাপ কি আমি ভাল পরামর্শ দিলাম। কার্য্যাণতিকে যদি মন্দ হয়, তার জন্মে আমি দোবী নই। আরে শশী যে। এস এম।

#### (শশীশেখরের পুনঃ প্রবেশ।)

শশী। আর না, নাকে কানে খত এই শেষ। ফার্লতা প্রেমেব ঘানিগাছ, আমি তার চোক বাঁধা বলদ্ আর তুমি তার কল্। আমি এত দিন অন্ধকারে তার চারিদিকে ঘুরেই মলুম। লাভের মধ্যে টাকা কড়ি সব গোল। আর আজ উত্তম মধ্যম প্রহার ও পেয়েছি। এখন বেশ চৈত্য হয়েছে। প্রাণটা নিয়ে ভালয় ভালয় দেশে কিরে যেতে পারলে বাঁচি।

ভৈরব। পৃথিবীতে যাদের ধৈর্য নাই, তাদের কোন সংখই হবেনা।
তোমার মত নির্বোধত কোথাও দেখিনি; তুমি ঘা কত মার খেরেছ
বৈত না কিন্তু চন্দ্রনাথের যে কাজ গোল। সে যে ধনে প্রাণে মালো।
কফ্ট না ক'লে কি ইফ্ট সাধন হয় ? এত মন্ত্রে হ'চ্ছেন। যে চোকের
পাতা না ফেল্তে ফেল্তেই সব ফর্সা হবে। "সরুরে ম্যাওয়া ফলে"
জানত। অত উতলা হ'লে চল্বেনা। সকল দিক নফ হবে।

প্রেম সাগরে ধৈর্য্য তরি স্থংখ বয়ে যায়। ডুব্লে তরি প্রেম কাণ্ডারী হাবু ডুবু খায়॥

তুমি যে চঞ্চল হয়েছ দেখ্ছি সৰ মাটি ক'রলে, যাও, এখন বাসায় যাও, তোমার সঙ্গে দেখা ক'রে সৰ কথা ব'লব; এখন এস ভোর হ'য়েছে। (বিরক্ত ভাবে শশীর প্রস্থান) আর কি সৰ ঠিক হ'য়েছে। কাল চন্দ্রনাথ স্বর্ণলতার কাছে যাবে; আমিও সেনাপতিকে নিয়ে গিয়ে দেখাব। তার কাণে—

| প্রস্থান।

# তৃতীয় অঙ্ক।

# প্রথম দৃশ্য।

#### হুর্গ—পুরোভাগ।

(স্বর্ণলতা, চন্দ্রনাথ ও সরমার প্রবেশ।)

স্বর্ণ। তার জন্ম কোন চিতা নাই, আমার যথা সাধ্য তোমার হয়ে ব'ল্ব।

সর। হাঁ। সপি যাতে এঁর ভাল হয় তা<sup>ই</sup> কর। আমার স্বামী এঁর কাজ যাওয়াতে ভারি হুঃখিত হয়েছেন। এমন কি লোকের নিজের কাজ গোলেও অত হুঃখিত হয় না।

স্বর্ণ। ভৈরবের হৃদয় বেশ সরল। অমন লোক প্রায়ই দেখা যায়না।

চক্র। দেবি, আমার কগা যেন মনে থাকে, ভুল্বেন না।

স্থা। না, না, তোমার কর্ম যাবে না ভয় নাই।

চন্দ্র। আপনার অনুগ্রহ থাক্লে আমার সব কাজ হবে; এ আমার দুচ বিশ্বাস আছে।

সর। স্থি! সেনাপতি আস্ছেন।

চন্দ্ৰ। আমি তবে এখন বিদায় হই।

অর্ণ। নানা যাবে কেন ? দাঁড়াও না, আমি এখনি ব'ল্ছি।

চন্দ্র। না দেবি, আমি ওঁর কাছে মুখ দেখাতে পার বোনা। আমার লজ্জাক রছে। আমি চ'লেম।

প্রস্থান।

(ভৈরব ও ভীমসিংহের প্রবেশ।)

স্বৰ্। তবে এস।

ভেরব। উ হুঁঃ। এত বড় ভাল কথা নয়।

ভীম। কি ব'ল্ছ ভৈরব। ভৈরব। আজে না কিছু না।

ভोম। किছू नয় कि ? कि व'ल ছिলে বল।

ভৈরব। ও চক্রনাথ গোল না ?

ভীম। হাঁত, তা কি হ'রেছে?

टिंडरव। তবে চल्फनाथ नरहै।

স্বর্ণ। দেখুন! চন্দ্রনাথ এই মাত্র এখানে এসেছিল, আপনি তারে কর্মচ্যুত করেছেন ব'লে, দে ভারি হঃখিত হ'লেছে।

ভীম। সেই জন্মই কি সে এখানে এসেছিল ?

স্বৰ্। এখন ভাকে ডাক্তে পাচাব।

ভীম। এখন থাক।

স্বর্ণ। তবে যেন শীষ্থই আবির তাকে কর্ম দেওয়া হয়।

ভীম ৷ তুমি যথন প্রদান হ'য়েছ তথন তার আর ভাবনা কি 📍

স্বর্ণ। তবে কাল তাকে নিমন্ত্রণ কর বিক্। কেমন ?

ভীম। কাল আমার স্থানান্তরে যাবার আবশ্যক আছে।

স্বর্ণ। ভাল কাল না হয়, প্রশ্ব দিন সন্ধাকালে তাকে নিমন্ত্রণ ক'রলেত হয়। নাথ! তার দোষ সামান্ত, আমার অনুরে:ধ আপনাকে রাখ্তেই হবে।

ভীম। তুমি অত উতলা হচ্ছ কেন? এখন উভানে যাও, আমি কিঞিৎ বিলয়ে যাচিচ।

ষণ। চল স্থি তবে আমরা যাই চল। নাগ! শীস্ত্রই আস্বেন।
[ স্বর্ণলতা ও স্রুমার প্রস্থান।

ভৈরব। ধীরবর!

ভীম। কি ব'লচো?

ভৈরব। চন্দ্রনাথ আপনার নজে কি দেবদাদের বাসীতে যেত?

ভীম। হাঁ যেড, তা সে কথা জিজাসা ক'লছ কেন ?

ভৈরব। আজেনা। এমন কিছু নয়। আমার মনে একটা ও তাই জিজাসাক র্ছিলেন্। ভীম। হঠাৎ তোমার মনে এ চিন্তা উদয় হ'ল কেন?

ভৈরব। আমি মনে ক'রেছিলাম দেবির সঙ্গে তার পরিচয় নাই।

ভীম। পরিচয় আছে বৈকি।

ভৈরব। আঁটা তবে পূর্ব্বে আলাপ ছিল, তাইত বলি।

ভীম। কেন কেন, তা কি হয়েছে বল, চন্দ্রনাথের চরিত্র কি মন্দ ?

ভৈরব। মন্দ্রা?

जीम। मन्तर

ভৈরব। আমি জানিনা।

ভীমঃ ভাল, তোমার কি বোধ হয়?

ভৈরব। আমার কি বোধ হয়!

ভীম। (স্বৰ্গতঃ) "বোধ হয়" এই পুনকক্তিই আমার সন্দেহের মূল। নিশ্চয় একিছু জানে, বোপন কচ্ছে। তা না হ'লে আমার কথায় সিউরে উচ্বে কেন ? বুঝেছি অর্ণলতা——

ভৈরব। বীরবর! অভ্যানস্ক হ'য়ে কি ভাবতে লাগ্লেন।

ভীম! আর আমায় সন্দেহ অনলে দগ্ধ ক'রনা।

ভৈরব। আজে আমি কিছুই জানিনা।

ভীম। তুমি অজ্ঞান নও, বালক নও, তবে কেন সভা কথা ব'লতে ভয় পাচ্ছ ? কুচিন্তা কুকথা ব'লতে দোষ কি ?

ভৈরব। নাচন্দ্রনাথ বেশ লোক।

ভীম। তাকেত আমি ভাল ব'লেই জানতেম্। এদিকেত বেশ ভাজ লোকের মত দেখতে নভা

ভৈরব। হুঁ। মাকাল ফল।

ভীম। কেন?

ভৈরব। মশাই মানুষ চেনা বড় সহজ নয়!

ভীম। ভৈরব! তুমিত কখনই আমার আদেশ লজ্মন করনি, তবে আজ সব কথা খুলে ব'লতে কুণ্ঠিত হ'চ্ছ কেন?

ভৈরব। দেব। দোণাতে ও খাদ থাকে, মিফ ফলেও পোকা ধরে। আমার পাপ চিন্তা আমার মনে থাক; আপনার জেনে লাভ কি ? ভীম। না আমি জান্ব, তুমি বল, তোমার বলতে ক্ষতি কি?

ভৈরব। নাবীরবর আমায় ক্ষমা কঞ্চন। আমি তা প্রাণান্তেও ব'লতে পারব'না। মে কথা শুন্লে আপনকার সুখ শান্তি জন্মের মত চলে যাবে!

ভীম। আঃ! নাভিরৰ তোমায় ব'লতেই হবে। তুমি এখনি বল, আর আমার কথা চেলনা।

ভৈবৰ। যার চুরি যায়, সে যদি না জান্তে পারে, তা হ'লে কেমন পুখে থাকে। না জানাই ভাল।

ভীম। উঃ সন্দেহ কি যন্ত্রণা।

ভৈরব। কুলটার পতি অন্ধ হ'লেই ভাল।

ভीম। डेः अमश।

ভেরব। যে স্ত্রীকে সন্দেহ করে, অথচ ভাল বাসে, তারমত হতভাগা। ভার জগতে নাই। মহাশয় সাবধান, সন্দেহ কালসর্পকে যেন হৃদয়ে স্থান না দেন। জগদীশ! জগতে সন্দেহ রোগ যেন কারো না জনায়।

ভীম। ভৈরব! আর কেন তুমি সব খুলে ব'ল, আমি চিরবোগী হ'রে জীবন-যাপন ক'রবোনা। যখনি বোগ নির্ণয় হবে, তখনি তার প্রতিকার ক'রবো। তুমি যা জান বল; আর বিলম্ব ক'রোনা। সত্য বটে সন্দেহ উৎকট রোগ, উৎকট রোগের উৎকট ঔষধ ও আছে।

ভৈরব। এখন আমি আপনার বীরোচিত কথ। শুনে আহ্লাদিত হ'লেম। উঃ স্ত্রী জাতির স্বভাব কি কদর্য। ঈশ্বর সমক্ষে তাহারা অব-লীলাক্রমে যে সকল ব্যাপার সমাধা করে, স্বামীর নিকট সে সকল বিষয় উল্লেখ করিতেও সাহস করে না। ব্যভিচার না করা নয়, ব্যভিচার গোপন করাই তাহাদের সভীত।

ভीম। यथार्थ व'लाइ।

ভৈরব। মহাশয়! যে আবাল বন্ধু জন্মদাতা পিতাকে বঞ্চনা ক'রেছে, দে যে আপনাকে বঞ্চনা ক'রবে, তার আর বিচিত্র কি ?

ভীম। তবে সে কি আর প্রতারণা ক'রতে বাকি রেখেছে! কে বলে নারির হৃদয় কোমল? যে বলে সে মুর্খ, সে নির্ফোধ! ভৈরব। মহাশার আমাকে ক্ষমা কৰুন। আপনাকে প্রাণের সহিত ভাল বাসি ব'লেই এত কথা ব'লেম।

ভীম। আমি বাৰজ্জীৰন তোমার ঋণে আৰদ্ধ রইলেম। ভৈৱৰ। আজে এ দাস চিরদিনই আপনার পদানত।

ভীম। (হ্বগত) হার! কেন আমি বিবাহ করেছিলাম। বোধ হর এ আরে। জানে। (প্রকাশ্যে) এখন তুমি যাও এর পর যদি কিছু জাতে পার, আমায় জানিও।

ভৈরব। দেব! আর এ বিষয় আন্দোলন ক'রবেন না, আমি বলি চন্দ্রনাথকে যদি পুনরায় কার্য্য দেওয়া উপযুক্ত বিবেচনা বরেন; (আর কেন? সেও কার্য্যকুশল বটে) তথাপি তাকে পুনরায় পদাভি-যিক্ত ক'রতে কিঞ্চিৎ বিলয়,ক'রবেন।

ভীম। কেন বল দেখি?

ভেরব। আজে হাঁ, একথা বল্বার একটু তাৎপর্য্য আছে। দেবি
যত আপদাকে তাব নিমিত্ত অনুরোধ ক'রবেন, ততই চন্দ্রনাথের প্রতি
তাঁর অনুবাধ প্রকাশ পাবে। আমার অপরাধ ক্ষমা ক'রবেন, যা
ভেবেছিলাম, আপনার অনুরোধে সকলই ব'ললে্ম। এখন আসি।

ভীম। না, তোমার কিছুমাত্র ভয় নাই। এখন যাও আমি কিছুক্ষণ নির্জনে থাক'ব।

ভৈরব। যে আজা চ'ললেম।

িভেরবের প্রস্থান।

ভীম। (সংগত) ভৈরবের স্বভাব মন্দ নয়, যা ব'লে সকলই যুক্তি সন্ধত, সকলই সম্ভব। হার কেন আমি বিবাহ ক'লেম। বিবাহের কি এই ফল? স্বর্ণলতা কি এমন হবে? হয় হ'লো ক্ষতি কি? এত যত্নে যে পাখী পোবমানেনা,—কিছুতেই মানেনা—তাকে ছেড়ে দেওয়া উচিত, বনের বিহল্প। উড়ে যাও,—যথা ইচ্ছা যাও—ভীমসিংহের হৃদয় পিঞ্জর ভেঙে উড়ে যাও—যার কাছে ইচ্ছা তার কাছে যাও, স্থথে থাক। কেণকাল নিস্তব্ধ থাকিয়া) তবে কি স্বর্ণলতাকে ত্যাগ ক'র্ত্তে হবে?—এ জীবনের মত ত্যাগ ক'র্তে হবে?—তা আমি পার্ব'না। জীবন

শাক্তে জীবন্ধয়ী স্থানতাকে ত্যাগ ক'র্ত্তে পারব'না। উঃ! পরিণম্ম কি বিষময়! কে বলে স্থানতা আমার? সে তার নীচ রতির। স্পানের সম্যোগ জন্মই কি আমি বিবাহ ক'রেছিলাম। স্থানতা! স্থানতা! বেলিভা! কালে এই ছিল! অথবা তোমার দোষ কি? ইহা সংসারের ধর্মা, ক্রী জাতির ধর্ম। জগতে কে এমন বড় লোক আছে, যার স্ত্রী অসতী নয়? হা বিধাতঃ! কাল ভুজজিনীকে কেন এমন লাবণ্যয়ী মোহিনী মূর্ত্তি প্রদান ক'রেছিলে? বিষ রাখিবার কি আর স্থান ছিল না? তাই স্থাণ কলেসে কালকুট স্থাপন ক'রলে। উঃ এই যে স্থানতা আস্ছে।

( স্বর্ণলতা ও সরমার প্রবেশ।)

স্বৰ্। নাথ! বেলা অনেক হ'য়েছে।

ভীম। চল যাই।

স্বর্ণ। আপনি আজ এমন করে কথা ক'চ্ছেন কেন? অসুথ হ'য়েছে নাকি?

ভীম। না, অপে মাথা ব্যথা ক'ব্ছে।

ষ্প। কল্য রাত্র-জাগরণেই হ'রে থাক্বে, আসুন মাথাটা বেঁধে দি। (মস্তকে ক্মাল বন্ধন ও হস্ত হইতে অনুরীয় পতন)

ভীম। ও কমাল বড় ছোট, ওতে হবেনা চল এখন যাই।

িউভারে প্রস্থান।

সরমা। (স্বর্গত) বেস হ'রেছে হাত থেকে আণ্টাট। পড়ে গোল টের পাইনি। কর্ত্তার এতে কি দরকার ? তিনি কেন সামাকে এটা বার বার চুরি ক'রতে ব'লেছেন ? ধর্ম জানেন, আমি এটা তাঁকে দেব। সেনাপতি প্রথম সাক্ষাৎ দিনেই দেবিকে এই সাংটাট। দিয়েছিলেন। দেবী কত ভাল বাসেন। সদাই কাছে করে রাখেন; চুম্বন করেন।

(ভৈরবের প্রবেশ!)

ভৈরব। বলি তুমি এখানে যে ? এক্লা এখানে দাঁড়িয়ে কেন ? সরমা। আমায় তিরক্ষার ক'রনা, আমি তোমারই জয়ে একটা জিনিষ রেখেছি। ভৈরব। আমার জন্মে? কৈ কি দেখি?

সরমা। না দেখাবনা।

ভৈরব। আ মোলো।

সরমা। হাঁ আমি তোমার জন্ম চুরি কর'লেম, তুমি আমায় গাল দেবে বৈকি?

ভৈরব। আগে জিনিষটাই দেখাও।

সরমা। কি দেবে বল ? তার পর দেখাব।

ভৈরৰ। জিনিষ না দেখে কি দর দাম হয়?

সরম। এই দেখ (ভৈরবের বলপূর্বকে অন্ধুরী গ্রহণ)

ভৈরব। আদরিনি ! তুমি জন্ম সধ্বা থাক। ভৈরব তোমার কেনা গোলাম্ হ'ল।

সরমা। তোমার এতে কি দরকার? স্বর্গলতা না পেলে পাগল হবে।

ভেরব। কি দরকার ভোমার জেনে কাজ নেই। এখন বাও আমি যাজি।

ি সরমার প্রস্থান।

ভৈরব। (অগত) বেশ হ'রেছে, এইটে চন্দ্রনাথের ঘরে ফেলে দেব; তা হ'লেই হবে। আর যায় কোথা, এই সামান্ত পদার্থই ছুর্ল্ রাবণের মৃত্যুবান। এই যে সেনাপতি আসছে। শুর্নি শাকই ধাও, আর সোমসিকুই খাও, কিছুতেই আর তোমার ঘুম হবেনা। অথের দফা শেব হ'রেছে।

## ( ভীমসিংহের প্রবেশ।)

ভীম। অসতী ! স্বর্ণলতা অসতী ! উঃ!

ভৈরব। দেব এখন ও সে বিষয় চিন্তা ক'রছেন।

ভীম। দূর হও, আমার সাম্নে থেকে যাও। তুমিই আমার স্ক্রাশ ক্রেছ, আমার মনে অগ্নি জ্বেলে দিয়েছ।

ভৈরব। সে কি দেব?

ভীম। যদি সব ভেঙে না বল্বি, তবে সে কথা উলেখের কি দরকার ছিল? (অভ্যমনস্থ ভাবে) আমিত কিছুই দেখি নাই, কিছুই জান্তেম না; আমারত কোন অনিষ্ঠই বোধ হয় নাই, আমি নিশ্চিত্ত মনে সমস্ত রাত্রি প্রথে নিজা গিয়াছি। কৈ চল্ডনাথের চুম্বন চিত্রত ভার অধ্যে অক্ষিত ছিলনা।

ভৈরব। বীরবর! অকারণ আমার উপব রাগ ক'র্ছেন।

ভীম। (অন্তমনক্ষ ভাবে) যার চুরি যার সে যদি না জাতে পারে, তবে তার ক্ষতি কি? যদি আপামর সমস্ত সেনাদল আমার অসাক্ষাতে অর্ণলতাব ক্মমুর দেহ সন্তোগ করতো, তাহলেও আমি ক্ষথি হতেম, কিন্তু এখন আমার কি সর্ব্বনাশ হ'লো! শাস্তি জন্মের মত বিদার লও। সন্তোয আর এ অভাগার হৃদরে স্থান পাবেনা। উঃ আমি যে চতুর্দ্দিক অন্ধকার দেখছি—পৃথিবী শৃত্য, জগৎ শৃত্য, চতুর্দ্দিক শৃত্য। আমার কেহই নাই। কিছুই নাই। তরবারি! তোমার সাহায্যে আমি মান সন্তম সকলি পেরেছি, তুমি ও বিদার লও। অভাগা ভীমসিংহের তোমাকে আর প্রয়োজন নাই। মা বক্ষরে । তোমার গর্ভে এ হতভাগ্যকে স্থান দাও আর যাতনা সহু হর না। ভগবান্ দীনবন্ধু প্রভো! তোমা ভিন্ন অধীনের আর কে আছে? আমার হৃদরে শান্তি দান কর। আঃ! (অবসন্ধ ভাবে উপবেশন)

ভৈরব। সে কি দেব এমন হলেন কেন?

ভীম। পাপাতা। তুই আমার সর্কনাশ ক'রেছিল্ আমার সকল পুথ হরণ করেছিল্। প্রত্যক্ষ প্রমাণ দে, নচেৎ এখনি তোকে খণ্ড খণ্ড ক'রব। (ভৈরবের গ্রীবাধারণ)

ভৈরব। অবশেষে কি এই হল!

ভীম। হয় আমায় দেখা না হয় প্রমাণ কর্। নচেৎ এই তরবারিই তোর নরকের পথ প্রদর্শিনি হবে।

ভৈরব। প্রভোঃ।—

ভীম। যদি সাধীসতী স্বর্গলতার নিন্দা করিস্, যদি আমাব সর্ক-নাশের ইচ্ছা থাকে, তবে আর কেন প্রভু বলে সম্বোধন করিস্। স্বর্ণলত। অসতী শুন্লে যে সকলে আশ্চর্যা হবে। স্বর্ণের দেবত।
নর্কের পিশাচগণ ও রোদন ক'রবে।

ভৈরব। হা ঈশ্বর! হাধর্ম! আমার কেছই নাই। আমি কেন বলতে গিয়েছিলাম; ভাল মান্যের কাল নয়, আমি কেন প্রকাশ কল্লেম। সকলে দেখ সরল হওয়া বড় সোজা কথা নয়; অনেক বিপদ আছে। আজ হতে আর মানুষের মুখ দর্শন ক'রবনা, কার সঙ্গে কথা পর্যান্তও কইব না—প্রাণায়েও সত্য বলবনা।

ভীম। ভৈরব! কি জান সত্য বল।

ভৈরব। সভ্য বলে ছবে কি ? যাদের বুদ্ধি নাই তারা সভ্য বলুক।
আমার দিব্য-জ্ঞান হ'য়েছে আবি না ( নাকেখত )

ভীম। (স্বগত) একবার মনে হয়, স্বর্ণলতা সতী, আবার মনে হয় অসতী। একবার মনে হয় ভৈরব মিগ্যাবাদী, আবার পরক্ষণেই মনে হয় ভৈরবের কথা সমুদায় সত্য। উঃ সন্দেহ কি ভ্যামক যন্ত্রণা! স্বর্ণলতার সে তপ্তকাঞ্চন প্রতিম বর্ণকান্তি তামসী নিশির স্থায়, মসীময়ী বোধ হ'ছে। সে লাবণ্যলালিমা আমার চক্ষে কালিমার স্থায় অমুভূত হছে। আর যাতন। সহু হয় না। উদ্দর্শন হক্, বিষপানে হক্, শীস্ত্রই এ পাপ জীবনের শেষ ক'রব। (প্রকাশ্যে) ভৈরব যা জান সব খুলে বল আর যাতন। দিওনা।

ভৈরব। বীরবর! অশান্ত হবেন্না, আমি শীস্ত্রই প্রমাণ শুদ্ধ ব'লচিঃ

ভীম। বল আমার মন সুস্থ হ'ক্ সন্দেহ দূরে যাক্।

ভৈরব। চাক্ষুব কোন প্রমাণের প্রত্যাশা ক'রবেন না; কেননা এ সকল বিষয় গোপনেই হ'য়ে থাকে। তবে যে সকল প্রমাণ সত্যের ছায়া-স্বরূপ, যাতে আর কিছুমাত্র সন্দেহ থাকে না, তা বথেট দিতে পারি।

ভীম। কি জান বল।

ভৈরব। আপনার অনুরোধেই বল্ছি, আমার কোন দোষ ন'ই। সম্প্রতি একদিন আমি চন্দ্রনাথের সঙ্গে একত্রে শয়ন করি। আমার সোবা-বাত্রি ঘুম হয়ন। কফে স্থেট বিছানায় পাড়ে থাক্তে হল।
জানেনত যাদেব বাতিকের ধাত তাবা ঘুমুতে মুমুতে অপ্ন দেখে, আর
মনের কণা সব বল্তে থাকে; চন্দ্রনাথ ও সেই ধাতেব লোক। সে
মুনুতে২ হচাৎ বলে উচ্লো 'অর্গলতা প্রিরত্যা আমাদেব প্রণায় কেউ
যেন না টের পাষ, খুব গোপনে রাখ্তে হবে।'' তাব পাব আমার
হাত ধবে আদেব কবে বল্লে 'প্রিরত্যা! তামাব মত জন্দবী আর
জগতে নাই' এই বলেই আমার অধবে এম্নি চুম্বন ক'বলে, যে বোধ
হল আমার প্রায় ক'রবে। অবশেবে \*—— \* ঘন২ চুম্বন ক'ব্তে২
নল্লে "বিধাতার কি অবিচাব, তোমাব মত জন্দবীকে কুৎ্যিত মারহাটার
হাতে স্বর্পনি ক'বলে। বানরের গলাস মৃক্তাব মালা!'

ভীম। ভৈবব! নিরস্ত হও, যথেষ্ট হ'রেছে, আর শুনতে চাহিনা। ভৈরব। বীরবর! এখনি রাগে অধীর হলেন, এ তাব কেবল স্বপ্ন বৈত নয়।

ভীম। হুঁ স্বপ্ন! পিশাচিকে খণ্ড খণ্ড করে কাট্লে তবে গায়ের জ্বালা যায়।

ভৈবব। না না চাক্ষুষ কিছু না দেখে একাজ করা ভাল নয়। পারে অনুতাপ কর্ত্তে হবে। আপনিনা দেবিকে একটা আংটী দিয়ে-ছিলেন? মে আংটীটা কোখা?

ভীম। কোন্ আংটী ?

ভৈরব। সেই যে যাতে সাপের মাথা আছে।

ভীম। সেটা তারই কাছে আছে।

ভৈরব। আজে দেটা এখন কি তাঁর কাছে আছে? অনুসন্ধান কর্বেন দেখি।

ভীম। কেন কেন কি হয়েছে?

ভৈরব। সেই রকম একটা আংটী আমি চন্দ্রনাগের হাতে দেখে-ছিলাম।

ভীম। উঃ! কালসাপিনী এই কি তোর সভীর? ভৈরব। ১৩-

নাথের সামাত্র কথিরে কি মনের দাবানল নির্বাপিত হবে? সহস্র বার তাকে সহস্তে হত। বর্লেও সে হুরাত্মার সমুচিত দণ্ড হয় না।

ভৈরব। বীরবর ! অন্থির হবেন্না।

ভীম। ভৈরব ! দাবানল প্রস্তুলিত হলে কার সাধ্য নির্ব্বাণ করে ? ভৈবব। এর পর আপনার মন ফিরে যেতে পারে।


ভীম। না ভৈরব! এ মন ফের্বার নয়। অসতী কথনই সতী হব না। কিছুতেই হয় না—ভীমসিংহের মন ও কিছুতেই ফিরবে না। লোকলোচন চন্দ্র হ্র্যা! মা বস্করে । ভগবতী কাত্যায়নি! তোমরা সাক্ষী, তরবারি! তোমাতে ভবানীর নামাঙ্কিত আছে—তুমিই ক্ষত্রিয়ের ধর্ম, জীবন, অবলম্বন। তুমিও সাক্ষী, যদি ভীমসিংহ মোহ পরতন্ত্র হয়ে অসতী পত্নীর যথার্থ দণ্ড বিধান না করে তা হলে যেন অন্ত জন্মে ছাগের গর্ভে এ পাপাত্মাব জন্ম হয়। (ক্ষণকাল নীরবে থাকিয়া) ভৈরব। তুমি একদিনের তরেও যদি আমাকে অন্তরেব সহিত ভাল বেসে থাক—সমস্ত অমর রুদকে প্রত্যক্ষ জেনে এই পবিত্র তববারি স্পর্শ করে প্রতিজ্ঞা কর, যে তেরাত্রির মধ্যে তুমি আমাব সেই পরম শক্ত চন্দ্রনাথের মন্তক স্বহন্তে চেদন করেবে।

ভৈরব। যে আছা, চন্দ্রনাথ আর জীবিত নাই। এ দাস শীঘ্রই সাপনার আদেশ পালন ক'র্ম্বে। কিন্তু দেবিকে কিছু বল্বেন না।

ভীম। কি তাকে কিছু ব'ল্বনা। কাল ভুজন্ধিনিকে পুনর্বার ক্ষদয়ে স্থান দেব। পাপাসদা পিশাচী অন্তঃপুরে থাকবে? তা কথনই হবে না। তুমি চন্দ্রনাথকে বিনাশ কর। আমি স্বয়ং পাপীয়দীর প্রাণদণ্ড ক'রব।

ভৈরব। এ দাস চিরদিনই আপনার আজ্ঞাধীন।

্উভয়ের প্রস্থান।



#### দ্বিতীয় দৃশ্য।

#### হুৰ্যন্ত উত্তান।

( স্বর্ণাভা, সরমা ও ভৃত্যের প্রবেশ।)

স্বৰ্। ওৱে চন্দ্ৰনাথ কোপায় থাকে জানিন্?

ভূতা। (অগতঃ) জানি ব'লেই ডাক্তে পাচাবেন্, না বলাই ভাল। (প্রকাশ্যে) না।

স্বৰ্। মিখা বলছিদ্?

ভূত্য। মিখ্যা বলছি, না।

স্বৰ্। ভাল খুঁজে ডেকে আন্।

ভূত্য। কোথায় খুঁজব।

ষ্দ্ৰণ। যেখানে পাৰি; সেত আৰু পৃথিৱী ছেড়ে যায়নি।

ভূতা। তা গেলেই ভাল হ'ত। এক ডাকেই সাকিমটা বলে দিতাম।

স্বর্। কোথার?

ভূতা। যমালয়।

স্বৰ্। তা হলে তোকেও সেখানে পাঠাতেম।

ভূতা। আমি সেখানে গিয়ে কি কব্ব। গরিব মানুষ আমাকে কে চেনে? যাদের ধন বেশী, মান বেশী, তারা যাক্। আদর পাবে।

ষ্ব। যা, লোককে জিজামা করে যা।

ভূত্য। আমি আবার লোক কোণা পাব। আপনি লোক দিন, আমার সঙ্গে গিয়ে দেখিয়ে দিবে আস্ক।

ন্দ্রণ। যা রান্তাব লোককে জিজ্ঞাসা করে যা। শীত্র আসিস্। ভূতন যাই আগে তবেত আসব। স্বর্ণ। সরমে আংটীটা কোথা ফেল্লেম।

সরমা। কি জানি। স্টিময় খুজলেম কৈ কোথায়ত দেখতে পোলেমনা।

স্বর্ণ। কোপায় রাখ্লেম কিছুই ত মনে হচ্চে না।

সরমা। বোধ করি বাঁ হাতে কোপায় রেখেছ। তাই মনে হচ্ছেনা। এর পর পাবে।

হুর্ন। আমার এই ডান হাতের হীরার আংটীটা হারালেও খেদ ছিল না, কিন্তু সেটা হারিয়ে বড় ক্ষ্ট হচ্চে। কি ভাগ্যি আম্মপুত্র তেমন নয়, এক দিনের তরেও আমাকে সন্দেহ করেন না, তাই রক্ষা নচেৎ এই হারামতে কি সর্কাশই হ'ত।

সরম।। স্থি তুমি কি বল প্রভুব প্রেমবিদ্বেষ মাই।

্বর্ণ। অন্য পুক্রের মত তাঁর সে দোষ্টী নাই। তিনি নিজে সরল সকলেরই সঙ্গে সরল ব্যবহার করেন।

সরম। সরলাব কাছে সকলেই সরল। এই যে দেব এইদিকে আস্ত্রেন।

স্বর্ণ। বেশ হয়েছে যতক্ষণ চন্দ্রনাথ না আদে, ততক্ষণ আমি আর্য্যপুত্রের সঙ্গে থাক'ব।

#### (ভীমিসিংহের প্রবেশ।)

নাথ! এতক্ষণে অধিনীকে মনে প'ড়লো।

ভীম। প্রিয়ে! (অগতঃ) মনোভাব গোপন করা কি কঠিন (প্রকাশ্যে) যে প্রতিমামনোদপ্রে সর্ব্বদাই প্রতিবিধিত রয়েছে তারে কি জাবার মনে কর্ত্তে হয়।

ষ্ব। দেখবেন্ অধিনীকে ভুলবেন্ ন।;

ভীম। পুরুষের মন দৃঢ় স্থির—প্রবল র্কিতেও বিচলিত হয় না; কিন্তু নাধীর সাগবের জল সতত্ই চঞ্চল।

ষ্ব। নাথ আপনার প্রতিজ্ঞাকরে পূর্ণ ক'রবেন।

ভীম। কি প্রতিজা?

স্বর্ণ। কেন চন্দ্রনাথকে কাজ দেবার কি হল?

ভীম। আমার বিবাহের রাত্তে তোমার যে আংটীটা দিয়েছিলাম দেইটে একবার দাও দেখি।

স্বৰ্। সেটা আমার কাছে নাই।

ভীম। সে কি আমি সেটা তোমায় যত্ন ক'রে রাখ্তে বলেছিলাম।
তুমি হারালে?—অনায়াসে অবজ্ঞায় হারালে? মা আমায় দিয়ে যান্,
এবং বলে যান্ যে, যদি কখন বিবাহ কর, বউকে এই আংটাটি দিও
কখন তোমাদের প্রণয় বিদ্ন হবে না। এতে মন্ত্রগুণ আছে।

স্বৰ্। সে কি ? নাথ আপনি একদিনও ত একথা বলেন্নি।

ভীম। বলিনি বলেই কি হারালে, বল্লে কি হারাতে না।

স্বর্। তা হলে নিতাম না।

ভীম। কেন কেন নিতেনা কেন?

অণ। কি জানি যদি হারিয়ে যায়।

ভীম। স্থাবিয়ে গেছে নাকি ? অঁচা, আর পাওয়া যাবে না।

অণ। নাহারায় নি।

ভীম। তবে গোল কোপায়, সত্য করে বল কোপায় ফেলে ?

স্বর্ণ। আমাদের ঘরে আছে, এর পর পাওয়া যাবে।

ভীম। কৈ আন দেখি?

অর্ণ। এখন থাক্, এর পর নেবেন।

ভীম। নানা এখনি জান।

অর্ণ। চন্দ্রনাথের কি হল ?

ভীম। আমাৰ সাংটা কোথা গেল?

স্বর্। সে এতদিন ধরে—

ভীম। হাবাল কেমন করে?

অৰ্। সেই জন্মই কি আপনি আমার উপর বিরক্ত হয়েছেন।

ভীম। না আমি চলেম।

সরমা। দেবি। প্রভুর মন কেমন সন্দিহান দেখ্লে ত।

স্থান। কৈ পুৰ্বেত এমন ছিলনা, কেন এমন হলো। আমি কেন সে আংটীটা হারালেম; অবশুই তার কোন বিশেষ গুণ আছে, তা না হলে এমন কৰ্বেন কেন?

সরমা। না স্থি, পুরুষের স্বভাবই এই।
স্বর্ণ। স্থি পুরুষের দোষ দিওনা, সকলই কপালের দোষ।
সরমা। ঐ যে চন্দ্রনাথ আসছে।

# ( চন্দ্রনাথ ও ভৈরবের প্রবেশ।)

ভৈরব। বুক্লেন জার কোন উপায় নাই। আপনি একটু জিদ করে ধর্লেই হবে। মেয়ে মানষের মন, কাঁদ কাঁদ মুখে ছুট কথা বল্লেই গালে যাবে। আপনি একটু কাতর হয়ে বলুন্ দেখি।

চন্দ্র। দেবি আমার কি হল ? যদি নিতান্তই না হয়, তবে অন্ত উপায় দেখি, অনর্থক বিলম্বে লাভ কি ? অগত্যা এতেই সন্তুফী থাক্ব। কিছুনাজোঠে, অবশেষে ভাগ্যদ্বারে ভিক্ষাকরে খাব।

স্থা। চন্দ্রনাথ তোমার হয়ে আমি যথাসাধ্য অনুরোধ কচ্ছি। কিন্দু তিনি ইদানীং আমাব প্রতি বিরক্ত হয়েছেন। কেন, তা ব'ল্ডে পারি না, বোধ করি তিনি প্রসন্ন হলেই তোমাকে কাজ দেওয়াব, এখন কিঞ্চিৎ অপেক্ষা ক'র্তে হবে।

সরমা। ইাতিনি কিছু বিরক্ত হয়ে এখান থেকে এই মাত্র চলে গোলেন।

ভেবৰ। কৈ তিনিত কখন কাৰুৱ উপাৱ অন্তায় রাগ করেন্না। বোধ করি কোন বিষয় ঘটে থাক্বে, যাই আমি তাঁকে সাভ্না করিগে। প্রস্থান।

স্থান্থ তোমার কোন চিন্তা নাই। আর্য্যপুত্রের মন নিশ্চর কোন গুরুতর বিষয়ে বাস্ত আছে। তা না হ'লে, এত চিন্তিত এত অন্তির হবে কেন। ভবানি ককন তাঁর চিন্তা দূর হ'ক্। তোমার ইচ্ছা পূর্ণ হবে। সরমে আমরা অনর্থক তাঁর দোব দিচ্ছিলাম, তাঁর কোন দোধ নাই। মান্ষের মন যখন কোম বিষয়ে ব্যস্ত থাকে, তখন সুখকর বিষয়ও কফুকর হয়। সখি! আমাব পোড়া মনে কত সন্দেহ হচ্ছিল, কত ভয়ই হচ্ছিল, তা আর কি বল্ব।

সরম। সতীর ভর কি দর্খি ? দাবিত্রী যেঁ ইমের মুখ থেকে সভাবানকে কেডে এনেছিল।

স্থা। চন্দ্ৰনাথ তুমি এখানে আপেকা কর। যদি আমি তাঁকে স্স্থিব দেখি তা হ'লে তোমার জীয়ে অনুরোধ ক'রব।

বর্ণলতা ও সরমার প্রস্থান।

চন্দ্ৰ। এ দাসের প্রতি এত জারুগ্রাহ ন। হলেই বা আপনাকে ধর্ব কেন বলুন। এদিকে আবার ঝান্ফ কবে কে আস্ছে। এবে দেশছি বিনোদিনী, আমলো এদিকে আসছে কেন। (প্রকাশ্যে) বলি যাওয়া ছচ্ছে কোন্দিকে।

#### ( वितामिनीत थात्रा।)

বিনো। তোমাব দিকে।

চন্দ্র। আমিও ভোমার দিকে যাচ্ছিলাম তবে দিগ্বিদিগ্ না চাওরাতে পেরেই এই দিকে এদে পড়েছি।

বিনো। তাবেশ করেছ, বলি-এত দিন ছিলে কোণা?

চল্র। বড় কাজেব ভিড়, তাই তোমাব চাঁদ মুখ খানি দেখে আসতে পাবিনি।

বিনো। এক সপ্তাহ কাজেব ভিড় ? সাত রাত সাত দিন কাজের ভিড় ? এমনি ভিড় একদণ্ড আমার বাড়ী যেতে অবকাশ হয়নি ?

চল্র। তোমার গায়ে ছাত দিয়ে বল্ছি, আমার দম ফেলবাব্ যো নাই।

বিনো। এমন বেদ্ম কাজ কল্পে চল্বে কেন ? আমি ভোমায় না দেখে থাক্তে পারিনে। আমার মন যে কেমন কবে, এই সাত দিন যাওনি মনের ভিতর কত থানাই হচ্ছিল।

চক্র। তুমি আমায় এমনিই ভাল বাস বটে।

বিনে। বাদিনা তবে দেশ ছেড়ে, মা বাপ ছেড়ে নোমাব পেছং বিদেশে এলেম কেন?

চন্দ্র। আমি ও কি তোমাকে ভাল বাসিনে, আজ রাত্রে যাব। এখন এই আংটীটা নিয়ে যাও।

বিনো। বোঝা গেছে কেন যাওনি। এতটা ক'রে মলুম তার ফল কি এই হ'ল ? এখন সূতনে গিরে মজ্লে।

চন্দ্র। সত্তি বল্ছি, আমার ত্তন পুরাতন সকলই তুমি, তোমা ভিন্ন আর কাহাকেও জানিনা।

বিনো। তবে এ আংটী পেলে কোথা।

চন্দ্র। তাজানিনা। আমার ঘরে কেউ ফেলে গিয়ে থাক্বে। বিনোয় তাবটে।

চন্দ্র। এখন এখান থেকে যাও।

বিনো কেন, যাব কেন?

চন্দ্র। কি জানি সেনাপতি, দেখতে পাবেন।

বিনো। আচ্ছা, কিন্তু আজ রাত্রে যেও তুলনা।

চন্দ্র। এমন কথা ভুলতে পারি। চল তোমায় একটু এগিয়ে দিয়ে আদি।

িউভয়ের প্রস্থান।



# চতুর্থ অস্ক।

#### প্রথম দৃশ্য।

#### নগরীয় উত্থান।

# ( ভৈরব ও ভীমসিংহের প্রবেশ।)

ভৈরব। মশাই কি বলেন, স্ত্রী পুক্ষের চুম্বনে দোষ আছে কি ন।? ভীম। দোষ নাই যে বলে, পাপই তার পুণ্য, নরকই তার স্বর্গ। ভৈরব। আচ্ছা আমি যদি আমার স্ত্রীকে একটা আং টা দিই—— ভীম। হাঁন, তা কি হয়েছে বল?

ভৈরব। দে আংটিটা ভারই হবে, স্তরাং দে যাকে ইচ্ছা তাকেই দিতে পারে।

ভীম। সতীত্বও তারি ধন সে যাকে ইচ্ছা তাকে দান ককক।

ভেরব। সতীত্ব আর আকাশ-কুন্ম ছুইই সমান, কেউত দেখতে পায়না, স্তরাং থাকলেও আছে, না থাকলেও আছে। কিন্তু আংটাটা যে——

ভীম। থাক্ নিরস্ত হও, আমার সকলি স্মবণ হয়েছে; আমার জীবনে ধিক্, বীরত্ত্বে ধিক্, ক্ষত্রধর্ণো ধিক্। ভাল চন্দ্রনাথ তোমাকে কিছু বলেছে।

ভৈবৰ। বলেছে বৈ কি! কিন্তু এখন কি আৰু মানবে, প্ৰাণান্তেও না। লম্পটের আবাৰ মিখ্যা কথায় ভয় কি?

ভীম। কি বলেছে।

ভৈরবঃ যা বলবার তাই বলেছে।

ভীম। তবু বলনা।

ভৈরব। সে কথা শুন্লে কি আপনি সুখী হবেন।

ভীম। পাপিয়সী ভুশ্চারিণী আমার শ্যাকে কলম্বিত করেছে।

উঃ। বিধাতঃ। ভীমিশিংহেব ললাটে কি এই লিখেছিলে। স্বৰ্ণনতাৱ সুকোমল অন্ন পিশাচেৰ উপভোগ্য হল। অভাগাৰ কপালে কি সুখ নাই। ধঁশ-অধৰ্ম-পাপ-পুণ্য-সতী-অসতী-অগ্র স্থ হয় না। ছদ্য কেন কম্পিত হয় ? প্রাণ কেন কাঁদে ভৈরব ? কার জন্মে কাঁদি, যে আমাৰ নয় তার জন্মে আমি কেন কাঁদি? না স্বৰ্ণলতা অস্তী নম, তাই হৃদয় কাঁদে। তবে কি নিম্বার্থ পরোপকারী তৈরবের কথা সকলি মিখ্যা ? না কখনই না, তার রসন। কাল ভুজঞ্জিনী নয়। তবে এ গবল কেন উল্পাব ক'ববে? এ কালকুট কেন আমার কর্ণে ঢেলে দেবে। প্রমাণ সকলি সত্য, আমার আংটী কোথা গোল, কে নিলে? আব কেন সত্যকে নন্দেহ কবি—স্বর্ণলতা অসতী, নিশ্চয়ই অসতী রসনা একথা বলনা। দাৰুণ যন্ত্ৰণা। সহা হয় না। স্বৰ্ণলভা। স্বৰ্ণলভ। স্থালতা! উঃ! চন্দ্রনাথ যাকে সর্বাস্থা দিয়ে বিশ্বাস করেছি, সেই বিশ্বাস্থাতক । স্বৰ্গলত। প্ৰাণাৰ্দ্মভাগিণী, যাকে প্ৰাণোৰ সহিত ভাল বাসি সে অসতী। আর আমার কে আছে, কাব কাছে স্থপ লাভ ক'ব্ব ? যম, তুমিই আমাৰ সহায়, মৃত্যু, তুমিই আমার জীবন, এম তোমায আলিজন কবি। (বাত প্রসাবণ) ভীমসিংহ তুমি কি পার্গল হলে ? আগে পাপীয়দীর দণ্ড দ।ও, তার পর মৃত্যুকে আলিজন কর। দ্বিতা-বিণী কলিঙ্কনী স্বৰ্ণলত। জীবিতা থাক্বে। উঃ আর যে, থাকতে পারিনা, ভৈরব! আমি যে চতুর্দিক অন্ধকাব দেখ্ছি—( পতন ও মুদ্ছৰ্শ)

ভৈরব। (স্বর্গতঃ) হযে এসেছে, গুপ্ত খুড়ো হিদাব নিলেই হয়।
সাপের মন্ত্র অনেকে জানে, বিষ কাড়াতে অনেকে পারে, কিন্তু ধরান
বড় সহজ নয়। হঁহাঁ শর্মার মত বিষ্ঠিত সংসাবে কজন আছে?
যেই হুর্ম্থ ছিল ভাইত সীতাব বনবাস হল।

( চন্দ্রনাথের প্রবেশ।)

চন্দ্র। কি হয়েছে এ কি ? ভৈবব। হঠাৎ মূচ্ছণ গেছেন ভয় নাই, কালও এম্নি হ'য়েছিল। চন্দ্র। তাবাতাস কর মাতায় ছাত বুলও। ভরব। নানা কিছু কর্ত্তে হবেনা, আপনি সেরে যাবে এখন। এই যুচোক চাচ্ছেন। তুমি এখন যাও। ইনি গোলে আমার সঙ্গে সাক্ষাৎ ক'রো, বিশেষ কথা আছে।

চন্দ্রনাথের প্রস্থান।

(ভীমসিংহের প্রতি) আপনি সাম্লেছেন মাথায় আঘাত লাগেনিত? ভীম। ভৈরব! আর যে সহু হয় ন।। প্রাণ কেন যায় না! ভৈরব। না দেব আপনি শাতি লাভ ককন।

ভীম। শান্তি? আমাব শান্তি। স্ত্রী যাব অসতী তার আবার শান্তি? ভৈরব। জগতে যে কত বর্ণেব লোক আছে, কাব সাধ্য চেনে। চন্দ্রনাথ এমন কলে। অর্ণলতা। যাকে আপনি মাথার মণি করে বেখে-ছিলেন, সে অসতী হলো কি পবিতাপ।

ভীম। ভৈরব। চন্দ্রনাথ যে আমাব এমন সর্ব্যনাশ কর্ম্বে এ আমি স্বপ্লেও জানতেম না।

ভেবব। আপনি মূচ্চিত হ'লে সে এখানে এমেছিল এখনি আগনে আপনি যদি একটু সরে দাঁডান ত। হলে তার মুখ থেকে সব শুনাতে পারি। কিন্তু সাধধান, অধীর হবেন না।

ভীম। সঞ্চাতাভিত সাগার কি কখন স্থির পাকতে পারে। লজ্জা, স্থাণা ও ক্রোধ আমার মনে যুগাপাৎ আঘাত ক'বছে, আমি কেমন ক'বে স্থির থাকব।

ভৈবব। আড়ালে গিয়ে দাড়ান এখনি দে আগাবে। (ভীমদিংহেব অন্তরালে অবস্থিতি) বেশ্ হ'মেছে এখন চন্দ্রনাথকে
বিনোদিনার কথা জিজাদা ক'বে। দে কত হাস্বে, আমোদ করে, কিছুই টের পাবেন। দেনাপতির হ'মে এমেছে, এখন ভাল মন্দ্রম শুনুক সকলই বিদের মতন ল'গবে। (নেপ্থো দৃষ্টি করভঃ) আগেছে
আজ্ঞাহ্য সহক্বি মহাশ্য।

( চন্দ্রনাথের পুনঃ প্রবেশ।)

চন্দ্র। আর ভাই সহকারী নই, এখন ভিখারি বল।

ভৈবব। (মৃহুষ্করে) আপিনি স্বর্ণলতাকে ভাল করে অনুবোধ ককন না। সে যদি বিনোদিনী হত তা হলে কি আর ভাবনা থাক্ত।

চন্দ্র। (হাস্থা)

ভীম। পাষণ্ড আবাব হাসছে।

চন্দ্ৰ। যাবল ভাই বিনোদিনী বড় ভাল বাসে।

ভীম। (স্বৰ্গতঃ) চন্দ্ৰনাথ আর হাদিদ্নে, আজ তোর শেষ দিন।

ভৈরব। আপনি নাকি তাকে বিয়ে ক'রবেন? (মৃহ্ন্সরে)

চক্র। হাঃ হাঃ! কেবলে?

ভৈরব। কেন সকলেই বলে।

চন্দ্র। সতি বল্ছ।

ভৈরব। বাজার গুজব্ত এই রকম।

ভীম। (স্বগতঃ) তুই আমায় বঞ্চনা ক্রেছিন্, আমার সর্ব্যনাশ ক্রেছিন্। আমি ভোর শোণিত দর্শন ক্রে, ত্রে নিরস্ত হব।

চন্দ্ৰ। সেমনে করে বটে আমি তারে বিয়ে করে ধব সংসাব করব। কিন্তু কৈ আমিত কিছুই বলিনি। সে যে আমারি জন্মে এখানে এসেছে। সে দিন ঐ দিকে বেড়াচ্ছিলাম হঠাৎ এসে আমার সঙ্গে কত কথা বলতে লাগল। কিছুতেই ছাড়তে চায়না।

ভীম। (স্বগতঃ) আর তুই অমনি গলে গেলি?

চন্দ্র। তার সঙ্গে দেখা হ'লে যে কি মজা হয়, তা আর বল্তে পারিনে।

ভীম। (স্বৰ্গতঃ) স্বৰ্ণলতা আমায় কত্তদূর ৰঞ্চনা করেছে উঃ!

চন্দ্ৰ। আমি তাকে ত্যাগ ক'ৱব।

ভৈরব। বেশ হয়েছে ঐ না সে আস্ছে?

চন্দ্র। সেইত বটে। বলি এদিকে কি মনে ক'রে? কাকে খুঁজ্ছ?

(বিনোদিনীর প্রবেশ।)

বিনো। আমার মাথা মনে ক'রে। যমকে খুঁজ্ছি। চন্দ্র। তাখুঁজ্তে হবে কেন, সময় হলে আপনি আস্বে এখন।

বনো। আমি মলে তুমি বাঁচ, তোমার আপদ যায়। এ আংচীটা কাব। আমায় বোকা বুঝুচ্ছ। ভূতে তোমার ঘরে ফেলে গেছে**,** তুমি কিছু জ্বাননা। নতুন পেয়েছ, আচ্ছা দেখি কদিন থাকে। আমি এত করে মলুম, তরু তোমার মন উচলোনা ? এই নাও তোমার গছনা, এই নাও তোমার আংচী, আমি চল্লেম।

চন্দ্র। তুমি রাগ কলে। ছি ছি আমার উপর রাগ কর্তে আছে? বিনো। আর কথায় ভুলিনা।

প্রিয়ান।

ভীম। আমাবি আংটী। সকলই সত্য আর স্থির থাক্তে পারিনা। চন্দ্র। যাই রাগ ক'রে কোপায় গেল দেখি।

| প্রস্থান।

ভীম। ভৈরব ওকে বিনাশ করে আমার কি লাভ ছবে। ভৈবব। দেখছেন কেমন হাস্ছিল, যেন কিছু মাত্ৰ ভয় নাই। ভীম। ভৈরবং ? আমি এখন কি করি ?

ভৈবব। আপনি এখান থেকে আংচীটা দেখেছিলেন, দেবীর কাছ থেকে নিয়ে আবার বেশ্ঠাকে দিয়েছে। বুকের পাটা দেখুন।

ভীম। শত সহস্র বার হুরাত্মার শিরচ্ছেদ করলেও আমার তৃপ্তি হয় নাঃ স্বৰ্ণলতা! পিশাচী! তোর কি কিছু মাত্র ভয় হ'ল'না?

ভৈরব। সংসারের গতিকই এই, ওকথা আরু মনে স্থান দেবেন না ভূলে যান।

ভীম। নাডেরব ভুলব্না, আজই ভুশ্চারিণীর সমুচিত দণ্ড বিধান ক'ববো। আজই বিষময়ী কাল-সাপিনীকে টুক্বা টুক্রা ক'রে কাট্ব। সৌন্দর্য্যের কি মোহিনী ক্ষমতা, কি প্রবল প্রতাপ এত দিন আমার মস্তুক পদতলে দলন করছিল ? আমায় অন্ধ ক'রে রেখেছিল ?

ৈভরব। বীরবব! আবি কেন অনর্থক কুচিন্তা কবেন।

ভীম। না হুশ্চারিণীকে আর পৃথিবীতে রাখা কর্ত্তব্য নয়। তার পাপের পরিমাণ পূর্ণ হয়েছে, নরকের দ্বার তার জন্ম উন্মুক্ত রয়েছে শীত্র তাকে সেখানে পাঠাব।

ভৈরব। স্থন্দরী হলে কি সতী হতে নাই।

ভীম। স্থন্দরী বিষধরী অপেক্ষাও ভয়ক্করী, রাক্ষ্ণনী হতে মারাবিনী, পিশাচী হতেও কুৎসিতা। (ক্ষণকাল নিস্তব্ধ থাকিয়া) ভৈরব! আমি কি নির্দ্ধর? স্বর্ণলতাকে ছিন্ন কর্ত্তে উন্তত হচ্ছি। যাকে এক মুহুর্ত্তের জন্ম না দেখুলে মন অস্থী হয়, তাকে না দেখে কেমন করে প্রাণ ধারণ ক'রব?

ভৈরব। আমিও বলি দেবিকে বিনাশ করে কাজ নাই। তিনি জীবিতা থাকুন, তা হ'লে আপনিও সুখে থাকবেন।

ভীম। কি আমি ক্ষত্রিয়, স্লেচ্ছ নই। অসতীকে জীবিত। রাখ্লে নরকেও আমার স্থান হবেনা।

ভৈরব। দ্রীর অসতীত্ত্ব কাব সঞ্চয়?

ভীম। আবার আমারি বন্ধুব সঙ্গে।

ভৈরব। আরও অসহ।

ভীম। ভৈরব ! আগগকে বিষ দাও। আমি তাব সঙ্গে আলাপ ক'ববন। কি জানি আব।র—তার মোহিনী মায়ায মুগ্ধ হযে প'ড়বে।। আজ রাত্রেই-- আর বিলম্ব সয় ন।।

ভেরব। না, না, বিষ দিয়ে কাজ নাই। আপনার শ্যাকে কল-দ্বিত ক'বেছে, শ্যাতেই শেষ কৰ্মেন।

ভীম। বেশং সেই উত্তম পরামর্শ।

ভৈরব। আমিও অস্ত চন্দ্রনাগকে হত্যা ক'র'ব। (নেপথ্যে ভেরীধ্বনী) ভৌম। বেশ্, একি অকম্মাৎ ভেরীধ্বনি হল কেন?

ভৈরব। বেশ্ব করি মহাবাজেব কাছ থেকে কোন সংবাদ এসে শাক্ষে। এই যে দেবী কার সজে এদিকে আস্ছেন।

#### (বিশ্বস্তুর ও সংগ্রিতার প্রেশ।)

বিশ্ব। বংস চিরজীবি হও। মহারাজ তোমাকে এই অনুজ্ঞাপত্র খানি দিয়েছেন।

ভীম। ভাঁর আদেশ আমার শিবেধি,ধাঃ ভগৰতী সর্বামন্ত্রী ভার স্বাম্পীন মন্ত্রী করুন। रिख्यत । सहामारात समस्य सम्मा।

বিশ্ব। হাঁ তুমিত ভাল আছ ? কৈ চন্দ্ৰনাথ কোথা? তারে যে দেখ্ছিনে, ভাল আছেত?

ভৈবৰ। ই।জীবিত আছে বটে।

স্বরণ। সম্প্রতি আধিপুত্রের সঙ্গে তাঁর মনান্তর হ'য়েছে, আপিনি
মিলন ক'বে দেবেন।

ভীম। তাহলেই ভাল হয়। সব আশাই মেটে।

ষর্ণ। দেকি নাথ।

বিশ্ব। উনি পাড়াতেই ব্যস্ত আছেন, তোমার কথায় মন দেন নাই চন্দ্রনাথের সঙ্গে মনাত্র হ'বেছে নাকি ?

স্বরণ। চন্দ্রনাথকে আমি যথেষ্ট স্নেছ করি, এঁদের সন্মিলনে আমি স্বর্থী ছব।

ভীম। অগ্নি আর ইন্ধনেব স্থিলন।

ষ্ণ। নাথ! আগাপুত।

ভীম। আব সম্ভাষণে কাজ নাই; ঢের হ'রেছে।

স্বর্ণ। (বিষয় ভাবে) কেন নাথ, আমি কি করেছি।

বিশ্ব। ওঁর রাণা হ'তে পাবে। মহারাজ চল্রনাথকে এখানকার শাসন কর্ত্ত পদে নিয়ক্ত ক'বেছেন।

স্থা। আমি শুনে যার পর নাই স্থা হ'লেম। অনেক দিন পর্যান্ত ক্রমন্তি যাবাং ইচ্ছা হ'বেছে।

ভীম। সেই জন্মেট সুখী না আর কিছু?.

স্থা। কেন নাথ। এমন কথা ব'লছেন কেন?

ভীম। পিশাচি কিছ্ই জাননা (আঘাতোন্তম)

বিশ্ব। (ব্যস্তভাবে) আহা কি কর?

স্বৰ্। অধিনী কি অপরাধ ক'রেছে? (রোদন)

বিশ্ব। বংস ! স্বর্ণলত। কাদ্চে সাস্ত্রনা কর। ও তোমা বই কাছাকেও জানেনা; তোমার জন্মে—

ভীম। আর কানতে হবেনা। আমি আর কারায ভুলব'না।

(স্বর্ণিলভার প্রতি) দৃৰ্ হ, আমি আর তোর খি দেশতে চাইনে।

স্বর্ণ। দাসী আর এখানে থেকে আপনাকে বিরক্ত ক'রবেনা। (গমনোভ্যম)

বিশ্ব। বংস। স্বর্ণলতাকে ডাক, সান্ত্র। কর।

ভীম। স্বৰ্ণলতা!

ভর্। নাথ।

ভীম। (বিশ্বস্তারের প্রতি) আপনার কি দরকার বলুন, কেন ডাক্লেন।

বিশ্ব। সে কি?

ভীম। আপনি না আমাকে ডাক্তে বলেন। ভাল দরকার না থাকে চলে যাক্ দূর হ'ক। কেবল কাঁদতে জানেন। কাঁদ কাদ খুব কাঁদ। বলি কালাতে আর আমি গালে যাবনা। যা এখান থেকে যা, দূর হ। আবার দাঁড়িয়ে কাঁদছিদ্।

[ স্বর্ণতার প্রস্থান।

(বিশ্বস্তুরের প্রতি) মশাই কল্যই আমি এখান থেকে যাতা ক'রব। আপনি আজ আমার এখানে আহার ক'রবেন্। পিশাচী!

িপ্রস্থান।

বিশ্ব। জ্রীর গায়ে অবলীলা ক্রমে হাত তোলে আঁটা। তৈরব। কি ভাগিগ্য অসি তোলেন নি। বিশ্ব। চিঠি পড়েই কি রক্ত গরম হয়ে গেল। তৈরব। কি জানি। বিশ্ব। পবিত্র প্রণয়ও এত চঞ্চল! কি পরিতাপ।

ডিভয়ের প্রস্থান।



#### 计划上的外

#### द्रांक महमानान।

#### ( ভীম্মিংছ ও সর্মার এবেশ।)

ভীম। তবে তুমি কিছু দেখনি।

সরমা। দেখা দূরে থাক্, মলেহ প্যান্ত ও ক'রিনি।

ভীম। ভাল চন্দ্রনাথকে কখন তার সঙ্গে দেখেছ।

সর্মা। দেখেছি। কিন্তু মেত আমার সাম্নে যা যা কথা ক'লেছিল লব শুনেছি।

ভীম। তারা কি চুপিং কোন বংগ করনি ?

সর্মা। না, আমি তাদের সকল কথাই শুনেছি।

ভীম। ভাল তারা তোমায কোথাও সাইরে দেয়নি।

সর্ম: | না |

ভীম। পাখা কিপান কিখার কোন জিনিয় আনতে কোগাও গাঁচায়নি।

সর্যা। না।

ভীম। দেখ মিথা। বলে লাভ কি ? সতা বল।

সরমা। দেব! আপনি মিগ্য। সন্দেহ ক'ফেন। দেবী শুনলে ক্থনই স্মাক্তে পাব্দেন্না। প্রাণত্যাগ ক'রবেন। তুমুখের কথায় সতীর মনে কঠা দিবেন না। দেবী কখনই অসতা নন্। যাত। যদি কলক্ষিনী হ'ল তবে আর সতী কে?

ভীম। তুমি যাও তাকে পার্চিয়ে দাওগো। (অগত) আমাব বাদ হয় সরমা সমুদায় জেনেও গোপন কচ্চে। তানা হ'লে মেযে মান্যের মুখে এত স্পাফ্ট উত্তব বেরত না।

#### ( ফর্ণলতা ও সরমার প্রবেশ।)

স্থা। নাথ! অধিনীকে ডাকছেন্। ভীম। ইণ এই দিকে এম। বস। ऋर्ग। वलून १

ভীম। আমার দিকে চাও দেখি?

স্বৰ্। একি সূতন ভাব!

ভীম। সরমা এখান থেকে যাও। তুয়ারটা চেপে দাঁড়িয়ে থেক, যদি কেছ আবেদ, ইঙ্গিত ক'র—যাও।

সরমার প্রস্থান।

স্বর্ণ। নাথ! অধিনীর প্রতি সদয় হ'ন। আমাকে যাতনা দিবেন্ না। আমার কোন অপরাধ নাই।

ভীম। তুমি কে?

স্বর্ণ। সে কি নাথ, অধিনী আপনার দাসী। ধর্মপত্নী।

ভীম। জুমি শপথ করে বল আমার ধর্মপত্নী। সকল দেবতাকে সাক্ষী করে বল তুমি আমার ধর্মপত্নী। সতী সাধী সহধর্মিনী।

স্বর্ণ। দেবতারা জানেন আমি সতী।

ভীম। দেবতারা জানেন তুই অসতী।

স্বর্ণঃ সেকি নাথ! আমি অসতী ? আমার কপালে এই ছিল!
(ক্রন্দন)

ভীম। স্বর্ণলতা। প্রার্ণমিয়ি! প্রিয়তমে। চুপ কর। আমি বড়
ত্বর্গাচার, তাই তোমার প্রতি কলম্ব আরোপ ক'রেছি।

স্বৰ্ণ। নাথ, আপনি কাঁদেন কেন? আমি সব সহু ক'র্ত্তে পারি আপনার বিষণ্ণ ভাব যে আমার সহু ইয়না। এ মান মুখ দেখে যে আমার হৃদয় বিদীর্ণ হ'ছে। পিতা কর্মচ্যুত ক'রেছেন মনে করে কি আমার উপর ক্রোধ হল? আমি আপনার জন্ম তাঁর য়দ্ধাবন্থায় তাঁকে পরিত্যাগ ক'রে এসেছি। আপনাকে য়ণা করেছেন ব'র্লে তাঁকে তাগি ক'রে এসেছি। আমি যে আপনাকে বই আর জানিনা মাথ।

ভীম। প্রজ্জ্বলিত অগ্নিকুণ্ডে কাঁপ দিতে পারি। তপ্ত অঙ্কার শৃস্তকে বহন কর্ত্তে পারি, কিন্তু স্বর্ণলতার কাতর বাক্য আমার সঞ্ছয় না হৃদয় জাীর হয়ে উচ্চলো আর মনোবেগ সম্বরণ কতে পারিনা। অর্থলতা। ভীমসিংহের প্রাণপ্রিয়ে। আমায় ক্ষমা কর।

স্থা। নাথ জাপনার পায়ে পাড়ি, আর আমাকে সন্দেহ ক'র্কেন না। , চরণ ধারণ পূর্বক রোদন )

ভীম। প্রিয়ে উঠ উঠ আমার হ্রন্ম বিদীর্ণ হয়, আর কেঁদনা।
(চুম্বন করিয়া) বল প্রিয়ে আর একবার বল—তুমি আমা ভিন্ন আব
কাহারও নও। আমার চিত্ত বিমোহিনী, একবার বল তুমি অবিশ্বাসিনী
নও।

স্বৰ্ধ। নাধ! কেন আমায় অবিশ্বাস করেন। বলুন নাথ আমি কবে আপনাকে অভক্তি ক'রেছি।

ভীম। এ স্বৰ্ধ ফলক কি বেশ্যা নামান্ধিত হবার জন্মই সংগঠিত হ'য়েছিল। না—তবে আমার অন্ধুরীয় গেল কোথা? আমি কি মূর্থ, স্বৰ্ধলতাকে দেখে সব ভূলে গেছি; কি আশ্চর্য্য!

স্বৰ। নাথ আমি কি ক'রেছি যে আমাব উপব রাগ ক'লেন ? ভীম। হুশ্চারিনী কি ক'রেছিস্ জানিস্না? পাপ কখন গনের অগোচর থাকে? তুই অসতী।

স্বর্ণ। হা নাথ। কেন আপনি এমন হলেন। আমি শপণ ক'রে ব'ল্ছি, এক মুহুর্ত্তের জয়েও পাপচিন্তা আমার মনে স্থান পায়নি।

ভীম। তবে তুমি অসতী নও।

স্থা। না নাথ কখনই না। মাণো আর যে সভ হয় না, লও মা তোমার স্থালতাকে কোলে লও! আর আমার জীবনে স্থা কি? তোমার কাছে গিয়ে প্রাণ জুড়াই। মাণো আমি অভাগিনী পাপিনী, পিতার মনে কফ দিয়েছি।

ভীম ৷ বিধাতা কেন এ স্থব্দর চিত্রে কদর্য্য কালিমা অর্পণ কলে ? কেন এ বন-শোভিনী স্বর্গলভাকে বিষমন্ত্রী করে স্বজ্ঞন কল্লে ? অভাগা ভীমসিংহের কি পরিণামে এই হল ? কি করেছে জানেনা, আঁটা দিচারিনী কি ক'রেছে জানেনা। উঃ ! গগণে চন্দ্রমা আর উদয় হবেনা; পবন ভার প্রবাহিত হবেনা; পাশীয়সির কার্য্য শুন্তে তাঁদেরও লক্ষ্য ছয়েছে। হা পিক্ তবে ভীমসিণ্ছ কেমন কবে বল্বে? পাপীয়ং দাং কলক্সিনী।

অব্। নাগ! অধিনীকে অতায় তিবকার ক'রছেন্। অ মার বোন অপ্রাধ নাই।

ভীম। তবে কি তুই কলঙ্কিনী নস্?

স্বর্ণ। ধর্ম জানেন আমি এক মুহুর্ত্তও আপনার প্রতি স্ববিশাসিনী নই।

ভীম। তবে তুমি অমতী ন ।

স্বৰ্। নাকখনই না।

ভীম। এও কি হতে পাবে ? আমি নিশ্চয় ব'লছি তুই অসতী।

স্বর্ণ। মার্গোনাও মা, স্বর্গলতাকে ডেকে নাও, আর প্রাণ বাঁচেনা। আমি তোমার কোলে গিয়ে প্রাণ জুড়াই মা। আর আমার জীবনে স্বর্থ কি ? স্বামীৰ মুখে নিন্দা আৰু সহু হয় না মা।

ভীম। প্রিয়ে স্বর্ণলভা। প্রাণগ্রতিয়ে ! আমায় ক্ষমাকর। আমি ভোমাষ আমন-বাজাব-বাসিনী দিতীয় নরকের দ্বার স্বরূপ--বাব-বিলাসিনী ব'লে মনে ক'বেছিলান্। অভাগা ভীমসিংহের কুলটা অসভাং পত্নী বলে মনে করেছিলান্, ভাই এত তিরস্কার ক'রেছি আমায় ক্ষমা কর। আমার অপ্রাণ মার্জনা কর।

(মামান প্রবেশ।)

সরমে তুমি কেন এখানে ? যাই এখন যাই।

প্রস্থান।

সরমা। প্রাভূ এমন হলেন কেন ? কিছুইত বুঝতে পাছিনা, দেবি কি ক'বছ।

স্বৰ্। স্বপ্ল দেখ্ছি।

সবমা। প্রভুর কি হ'যেছে?

স্বৰ্ণ। কাব কি হলেছে १

সবমা। প্রভ্ব।

া। কে তোমার প্রভূ ?

দ 'মা। যিনি তোমার প্রভূ।

ত্রণ। আমার ? আমার প্রভুনাই। আর কথা কইতে পাবিনা, গাত্ত কারাই আমার কথা। সবি!——

### (ভরবের প্রবেশ।)

'ভৈরব। দেবি কি আমাকে ভাক্ছেন্?

অর্ণ। তৈরব ! আমি অবলা, তিনি আমার সঙ্গে এমন নির্দার বাব-হাব ক্রেম কেন।

ভৈরব। কি হবেছে কি ? আপনি এমন কথা বলছেন্ কেন ?
সরমা। সেনাপতি আজ দেবিকে যা ইচ্ছা তাই বলে তিরস্থার
ক'রেছেন। অনেক লাঞ্ছনা করেছেন, সতী বলেই সকল সফ্ কল্লেন।
ভৈবব। দেবি!

অর্ব। আর কেন আমাকে দেবি বলে ডাক?

সরমা। পথের ভিখারিনীও মে কণা সম্ ক'রতে পারেন। তা দেবির অভিমান নাছবে কেন ?

ভৈবব। কেন তিনি এমন তিরস্কার কল্লেন?

স্বর্ণ। কিছুই জানিনা। জানে ত কোন অপরাগই করিনি। সভাবিনীর কপাল দোবেই তিনি আমার বাম হ'রেছেন।

ভৈৰব। দেবি জ্ৰুদ্দ ক্ৰৈৰেন না চুপ কৰ্মন, এ প্ৰকাৰ জ্ৰুদ্দ ক্ৰেলে ভাৰ অকল্যাণ হৰে।

সৱমা। কলিছিনী নাম পাৰার জয়েই, অবিশ্বাসিনী হবাব জয়েই হি এত রূপবান্বৰ ত্যাগ কাৰে সেনাপতিকে বরণ কলেন। হায় হায় এতে কাৰ নাকান্ন। পায় ?

অর্ণ। আমার কপাল মন্দ বলেই এমন ছলেন্ তাঁর দোবকি বল ? তেবৰ। বোধ করি কেট কিছু লাগিবে থাক্বে। অর্ণ। জগদীখর জানেন।

দ্বমা। কোনু ছতভাগা এখুখ আবার সীভাব বনাস্ দেংতে

চায়। কার জুর মনে এমন পাপ আছে। আমি নিশ্চয় বলছি, তার সর্ব্বনাশ হবেই হবে। সতীর মনে কন্ট দিলে, তার তেরাত্তির সবেনা। নির্ব্বংশ হবে, বংশে বাতী দিতে কেউ থাক্বেনা—নিশ্চয়ই থাক্বেনা।

ভৈরব। কে এমন শক্ত ছিল ?

সরমা। মিখ্যা ক'রে সতীর নামে লাগালে কি তার ভাল হবে, কখনই হবেনা। আমি ব্রাহ্মণের মেয়ে, আমার শাপ্ লাগবেই লাগবে, ভিটে মাটি চাটি হবে, জুলে যাবে।

ভৈরব। আর মিখ্যা গাল দিয়ে কি হবে বল ?

স্বর্গ। ভৈরব! কেন ভিনি অধিনীর প্রতি প্রতিকূল হলেন। আমি এই দেবতাদের সাক্ষাতে বল্ছি যদি আমি একদিনের তরেও তাঁর প্রতি সন্দেহের কার্য্য ক'রে থাকি, তা হলে এই মহুর্তেই যেন আমার মাথায় বক্রাঘাত হয়। দেখ ভৈরব! তিনি আমায় স্থা। করুন্ ত্যাগ করুন্, আর যা ইচ্ছা তাই বলুন্ সকলই সহু কর্তে পারি। কিন্তু একথা যে আমার সহু হয় না।

ভৈরব। দেবি ! আপনি রোদন করবেন্না। শান্ত ছউন। বোধ করি অন্ত কোন কারণে তাঁর মনে কফ ছয়ে থাক্বে। তাই আপনার উপর বিরক্ত হয়েছেন্। এখন তাঁর আহারের সময় উপস্থিত। আপনি তাঁর কাছে যান্।

। স্বর্ণতা ও সরমার প্রস্থান।

# (শশীশেখরের প্রবেশ।)

শশি। বলি তাড়াতাড়ি ষাচ্ছ কোথা এই কি তোমার বন্ধুতা? ভৈরব। ছিঃ ছিঃ অমন কথা ব'লনা, শক্রতা কি দেখলে?

শশি। তা বটে—ভারা রোজ রোজ নতুন ফন্দি বার করে আমার কি সর্বনাশটা না ক'লে। টাক।গুল সব নফু করালে, এখন (কর্ণমর্দ্দন) আর না।

ভৈরব। এখন যা বলি শুন।

শশি। অনেক শুনেছি আর না। আপনার বুদ্ধিতে ফকির হও-

য়াও ভাল, তা পরের বুদ্ধিতে রাজহ ও কিছু না। তুমি আমার সর্ফানাশ করেছ।

ভৈরব। তুমি ভাই মিথ্যা আমার দোষ দিচ্ছ।

শশি। মিথ্যা বড়নর সব সতিয়ে ভারা "ধরে বেঁধে পিরীত্র আর মেজে ধসে রূপ" কথন্ হয়ে থাকে ? বল। তুমি যে ছেঁড়া প্রেম জোড়া দিতে গেছলে।

ভৈরব। বেদ বেদ আর কথায় কাজ নাই।

শশি। বড়বেস নয়। আমার কাছ থেকে যে সব গছনা গুল তাকে দেব বলে নিয়ে গেছ। আজ সেগুল থাকলে আমি কত শত স্বর্ণলতাকে অবন্তিপুরে বাড়ির বাঁদি করে রাইতেম্। তুমি বলেছ সে আমায় কত আশা তব্দা দিয়েছে, কৈ আমিত তার কিছুই দেখতে পাছিলা। তা হলে আমি সে দিন তাকে দেবার জন্ম অমন এত টাকার এক ছড়ার মুক্তার মালা দিলেম, আর সে একগাছা গাঁদাকুলের মালা দিয়ে আমার মান্ রাখলে না। ভায়া তোমার চাতুরি সব বোঝা গেছে। হাত দিয়ে আর চাঁদ ঢাকা যায় না, এখন আঁধার গেছে সব প্রকাশ হয়েছে।

ভৈরব। বেদ ভাই আমি ভোমাদের কথায় থাক্বনা।



# তৃতীয় দৃশ্য।

### হুৰ্গস্থ একটা গৃহ।

( ভীমদিং ই, বিশ্বস্তুর, স্বর্ণলতা ও সরমার প্রবেশ।)

বিশ্ব। আর অনর্থক কফ স্বীকারের আবশ্যক নাই।

ভীম। দেকি মহাশয় কফ আবার কি ?

বিশ্ব। বৎসে তবে এখন আসি।

चर्। আসুন প্রণাম হই।

छीम। এই मिटक एम आखून खर्गनडा

স্বৰ্। নাথ কি বলছেন?

ভীম। যাও এখন শয়ন করগে, আমি শীঘ্রই আস্ছি। সকলকে বিদায় দিয়ে একাকিনী থেক।

প্রসাম।

স্বৰ্। আচ্ছা।

সরমা। আংগেকার অপেক্ষা এখনত অনেক ভাল দেখ্ছি।

স্বর্ণঃ তোমার বিদার দিরে আমার শুতে বলেছেন, বাই শু<sup>ই</sup>গে।

সরমা। আমাকে বিদায়, সেকি?

স্বর্ণ। তাঁর আদেশ আমাদের অবশুই পালন কর্তে হবে তুমি এখন যাও তিনি শীস্ত্রই ফিরে আমবেন্।

সরমা। তিনি যেন এখন না আদেন।

স্থা। কেন সখি এমন কথা বলে। তাঁকে আমি প্রাণের সহিত ভাল বাসি তাঁকে না দেখে আমি স্থির থাকিতে পারিনা—সরমে তাঁব কথার কি বিরক্ত হওয়া উচিত, না অভিমান করা ভাল দেখার, তাঁর মুখ প্রসন্ধ দেখলে আমার কিছু মাত্র হুঃখ থাকেনা, সব ভুলে বাই। তবে আমি কেন বিরক্ত হব।

সরমা। (লজ্জাবনত মুখে) আজ যে চাদর খানা বিছানার পাতে ব'লেছিলে, সেই খানাই পেতেছি।

স্থা। সকল চাদরই সমান ভ্রমবশতঃই তোমাকে বিবাহদিনের সে চাদর খানা পাত্তে বলেছিলাম। দেখ সরমে যদি তোমাব সামনে আমাব মৃত্যু হয় তা হলে সেই চাদর খানা আমার গায়ে ঢাকা দিও, ভুলন।

সরমা। বালাই আর কি অমন কথা বলনা, আমার আগে মরণ ছ'ক।

অর্ণ। সরমে তোমার মনে হয় আমাদের মোহিনী বলে একজন দাসী ছিল। আমাদেরই সেখানকার একজন বণিকের সঙ্গে তার প্রণার হয়, কিন্তু সে আর মোহিনীকে দেখতে পারত না, য়ণা করত, মোছিনী মরবার সময় তাকে মনে করে একটা খেদ গান গেয়েছিল, আজ সে গান আমার মনে বাব বার উদয় হচ্ছে। সখি আমিও মোহিনীর সেই গানটী গাই। তুমি আমার ওড়না খানা তুলে রাখ।

স্বমা। দেও রাখি। কই গাওনা, আমার শুনতে বড় ইচ্ছা হ'ছেছ।

ষ্বৰ্। গীত।

যমুনার কাল জল কল কল চলিছে তীরে তরুমূলে বসি অভাগিনী কাঁদিছে

মর মনে হয় না, ভুলে গেলেম। ও কিসের শব্দ? কে আম্ছে? সরমা। ও কিছু নয়, নাতাস।

স্বৰ্ণ। (গীত) শেষভাগ।

নহেরে নিদয় কালা, নিজ দোবে সহি জালা, কাঁদাকু কাঁদিরে তাই, ঘন ঘন বলিছে।

এখন এস আমার চোক জড়িয়ে আসচে, শুইগে। স্থি। আজ আমার প্রাণটা এমন হু হু করিছে কেন বল দেখি ?

সরমা। ও কিছু নর, তুমি শোওগো, ভেবেং অমন হলেছে। (স্বাচ) এমন সভীর প্রতি কি পতি হ'রে এত অত্যাচার কর্তে আছে। আহা স্বৰ্ণলত। সবলা, কিছুই জানেনা, তাই এখনও তার সঙ্গে মিফালাপ করে। পুরুষ জাতির মন কি কঠিন।

স্থা স্থি বাও শোওগে আমার সম আসতে। ন্ধ্যা। তবে যাই।

। প্রস্থান।



## পঞ্চন অস্ক।

#### প্রথম দুর্গ্য।

#### বাজপথ।

(শশীশেখর ও ভৈরবের প্রবেশ।)

ভৈবব। ওখানে ও ঝোপেব আড়ালে চুপ্টি করে দাড়াও, বেশ করে কাপড়টা এই বেলা এঁটে নাও, কিছু ভয় নাই, আমি তোমার কাছেই আছি। দেখ পেছিওনা।

শশি। তুমি আমার কাছে থেক, আমার কেমন ভরং ক'রছে। ভৈরব। সে কিহে ভর কি ? আমি তোমার কাছেই আছি দেখ যেন সব কাজ ফাঁস ক'রনা। তলওয়ার খানা বেস করে মুটো কবে ধর।

শশি। আমার একাজ ক'রতে ইচ্ছা নাই, তরু কেমন ওর কথা কাটাতে পারিনে, যা বলে তাই বিশ্বাস যাই। যাক আজ দেখছি একটা লোকের প্রাণ গোল, ভৈরব কোথা গোলে?

ভৈরব। এই যে।

শশি। নাবলি কাছে থেক যেন পালিওনা।

ভৈরব। না তোমার ভর নাই। (স্বগত) এরত সর্বস্বেই ভুগিরে নিয়েছি এখন আমার উপর বড় চটেছে। তা চটুক আজ যদি বাঁচে তবে আমার সর্ব্বনাশ। তা আজ এর শেষ দিন, চন্দ্রনাথকৈ ও মারবে কি, চন্দ্রনাথই ওকে মেবে ফেলবে, আমার গালার কাঁটা নেবে যাবে। আর যদিই চন্দ্রনাথকে বিনাশ করে তাহালেও আমার লাভ সামান্ত নয় সে বেঁচে থাকলেই সব প্রকাশ হয়ে পড়বে তাহলেই মারা যাব। তা ভালই হয়ছে হুজনের যেই মকক আমার লাভ সমান (প্রকাশ্রে) ঐ বুঝি আসছে হে ঐ।

শশি। হাসেইবটো পাজিগেলি। (অগ্রসবছওনও আঘা-তোলুম)

চন্দ্র। কি তুই আমার চিনিস্না ( আঘাত )

मिनि। वावादय এই वादत दर्शनाम्, मत्नम्, छैः!

চন্দ্র। কে আছ আমায় বাঁচাও এদিকে এস, ডাকাত্ডাকাত্, সর্ব্যাশ ক'বলে চৌকিদার চৌকিদার। খুন হ্যেছে খুন, এদিকে এস।

## ( ভার্মসিংহের প্রাবেশ।)

ভীম। তুঁ সেই নটে। ভৈরব তাব কণ। রেখেছে। পাজীকে খুন কবেছে।

শশি। কেন আমার এমন চুর্ফুদ্ধি হ'ল।

চন্দ্র। কে আছ এদিকে এস, আমার রক্ষা কবং বছ আঘাত পেয়েছি। ভাম। ভৈরব ধতা তোমার প্রভুক্তি, পতা তোমাব সন্তাব। তুমিই আমার জ্ঞানচক্ষ্ণ খুলে দিয়েছ, যথার্থ বান্ধবেব কাজ কবেছ। পাগারসী তোব চন্দ্রনাথ গোল তোকেও শীঘ্র নরকের দ্বাবে প্রেরণ ক'রব। পিশাটী লম্পটকে যে শ্যায় স্থান দিয়েছে, শীঘ্রই সে শ্যা তাব বক্তে কলুবিত হবে।

। প্রস্থান।

শশি। কেউ এলনা, ভবে কি এমনি করে রক্ত ক্ষয় হয়ে মরব নাকি?

চন্দ্র। কি আ×চণ্য, এরাস্তায় কি লোক চলেন।। চৌকিদার কি এদিকে নাই ? চৌকিদার চৌকিদাব, খুন হবেছে খুন, ডাকাত ডাকাত।

( তনেক নাগরিক ও বিশ্বস্তুরের প্রবেশ।)

নাগ। মশাই বোধ করি কোন পথিককে দস্তাব। আক্রমণ করেছে। ঐ শুমুম চিংকার ক'রছে। ভৈরব। আব্দুন আমরা আপনাকে ধরে নিয়ে যাই। ধীরে ধীরে যেতে পারবেন।

ठल। ठल।

প্রস্থান।

## দিতীয় দুশা।

ভামসিংহেব শায়নঘব। স্বৰ্ণলতা নিদ্ৰিতা। দীপ প্ৰজ্বলিত। (ভামসিংহের প্ৰবেশ।)

ভীম। (স্বগতঃ) এই জন্তেই—এই জন্তেই পবিত্র নক্ষত্র মণ্ডিতা তামদী নিশি গান্ধীব ন্তির। পাপারদার দণ্ড দেখবাব নিমিন্তই - ন্তিব — নিশ্চল। না—আমি তাকে বিনাশ কর্তে পান্বনা। উঃ কমলেব কোমল অন্তে কেমন করে কণ্টক বিদ্ধ কর্ব? কি অমতী জীবিতা থাক্বে? বিশ্বামঘাতিনী কলঙ্কিনী জীবিতা থেকে জগৎকে কলুবিত করবে। না—তা কখনই হবে না। অত্যে এই প্রদীপ নির্বাণ করি,—পবে ও দীপ নির্বাণ কর্বো। এ দীপ একবার নির্বাণ হলে আবাব জ্বাল্তে পাব্ব, কিন্তু স্থদরের প্রদীপ যে নির্বাণ হলে আবাব জ্বাল্তে পাব্ব, কিন্তু স্থদরের প্রদীপ যে নির্বাণ হলে আব জ্বাল্বে না। চিন্দিনের মত নির্বাণ হবে—কিছুতেই জ্বানে না। জাবন গোলে আব ফেরেনা। দীপ নির্বাণ করি কিন্তু জানিনা আবাব কেমন করে জ্বাল্ব। ক্মল তুললে কি আর জোড়া যার? আর কি তার সোন্দর্য থাকে? মুণানেই কমলের আস্বাদন করি (চুম্বন) কি মনোহর, কি মধুর, তাপিত হদর শীতল হল, সব যন্ত্রণা দূরে গোল, লোহ্মর তরবারি দ্রবীভূত হল। আবার! আবার! আবার! আবার একটা! স্বর্ণলতা। জীবন্মরী! মৃতাবস্থায

এমনি থেক, আমি তোমায় ছত্যা করে আবার ভাল বাস্ব। আবার একটা ! এই শেষ জনমের মত শেষ। আর এ কমল সন্তোগ কর্তে পাবনা। উঃ ! আব যে হৃদয় স্থির থাকেনা, চক্ষের জল যে আর সম্বরণ কর্তে পারিনা। জগদীশ কেন আমার মন এত অস্থির হল। (রোদন)

স্ব্। আ্যাপুত্ৰ?

ভীম। (ক্লেম্বরে) হাঁ আমি।

ষ্ণ। আপনি শ্য়ন কৰ্বেন না।

ভীম। আমি ভোকে বিনাশ ক'ব্ৰো।

ষ্ব। মেকি নাগ ?

ভीग। हैं।

स्त्। मा ভবानी आमाश वक्ता कव।

ভীম। জগদীশ তোমার রক্ষা ককন।

ষ্মণ। তবে কি আপনি আমার বিনাশ ক'ববেন ন।।

जीय। छै।

স্থা। নাথ আপনার চোক্ দেখে ভর ক'রছে। জানিনা অধিনী ভিচৰণে কি দোষে অপরাধিনী।

ভীম। আপনাৰ পাণ স্মৰণ কৰ্।

অর্ণ। কৈ নাথ, আমিত কোন দোষই করিনি। কিছুই জানিনা, তবে কি আপনাকে ভাল বাসাই আমার পাপ হল।

ভীম। ভ চুপ কর্।

স্বৰ্। কেন নাথ?

ভীম। আমার সে আংটা চন্দ্রনাথকে দিয়েছিস্।

স্বর্ণ। না কখনই না, তাকে ডেকে জিজাসা করুন।

ভীম। মৃত্যু শযার শুরে কেন আর মিথা বলে পাপ সঞ্চয় করিস্। দোষ স্বীকার কব্ কিছুতেই নিষ্কৃতি পাবিনা। আমি আজ নিশ্চয়ই তোকে বিনাশ ক'রবো।

স্বর্ণ। তবে কি এখনি আমার হত্যা করবেন ? ভীম। এই নঙেই। স্বর্ণ। নাথ আমি তারে আংটী দিই নাই। আপনি আমার কথার অবিশ্বাস ক'রবেন না।

ভীম। আমি স্বচক্ষে তার হত্তে আমার আংটী দেখেছি। তুই মিথ্যবিদিনী।

স্বর্ণ। অন্ত কোন উপায়ে পেয়ে থাক্বে; আমি তাকে দিই নাই। আপনি তাকে ডাকিয়া জিজাদা কৰুন।

ভীম। দে নিজ মুখে বলেছে।

স্বৰ্। - কি বলেছে নাথ ?

ভীম। তুই অসতী।

স্থপ। আমি অসতী, মিখা।।

ভীম। সতা।

ষ্ব। সে কখন এমন কথা বল্বেনা।

ভীম। না আর বল্বেনা। পাপাত্মাব প্রাণ বিনাশ হযেছে।

স্বর্ণ। হার সাধু হরেও তার প্রাণ গেল। সতী হবেও আমার কলঙ্ক হল। আর যে সহু হয় না, মাগো। (রোদন)

ভীম। কি প্রাপীয়সী আমারি সামনে তার জন্মে রোদন ?

অর্ণ। নাথ আমায় বিনাশ করবেন না; বনবাস দিন।

ভীম। নাতা হবেনা, আমি প্রতিজ্ঞা করেছি, স্বহস্তে তোর প্রাণ বিনাশ ক'রবো।

স্বর্ণ। তবে কাল আমার বিনাশ ক'রবেন, আজকের জন্ম ক্রন। করুন।

ভীম। না, এই দতেই। তুই যদি পলায়ন করিস্।

স্বর্ণ। তবে হুই দণ্ড আমায় জীবন ভিক্ষা দিন, আমি মঙ্গলার কাছে আপনার মঙ্গল প্রার্থনা করি।

ভীম। আর এক মুহুর্ত্তও না; অনেক হয়েছে।

স্বর্ণ। আমি একবার জ্বোর মত-

ভীম। আর বিলম্নয় (আবাত)

সরমা। (নেপথ্যে) দেব প্রভু দার খুলুন সর্কনাশ হয়েছে।

ভীম। একি ? কিলেব শব্দ শ এখনও শেষ হয়নি ? আংমি কি নিৰ্দিয়। কেও ? কেও ?

(নেপথ্যে সরমা) আপনাকে একটা কথা ব'লব।

ভীম। হুঁ, সরমা চন্দ্রনাথের মৃত্যু সংবাদ এনেছে - দ্বাব খুলে দিই

—স্বর্গলতার সঙ্গে কথা কবে—স্বর্গলতা কে?—আমার স্ত্রী।—আমার
ভাগাব স্ত্রী কে?—আমার স্ত্রী নাই—স্বর্গলতা জীবিতা নাই। উঃ।

সরম। (নেপ্রেগ)। -দেব। আমাব কথা শুলুন, দ্বাব খুলে দিন। ভীম। ভাইত স্ব্যা এসেছে। দ্বাৰ উদ্যোচন কি কি

সরম।। ভ্রানক ২৬। ১বে (গছে।

ভামা দেকি ?

সরম।। আমি শুনে এলেম, শশীশেশবকে চন্দনংগ কেটে ফেলেছে।

ভীম। চন্দ্ৰনাথ এখন ও বেঁচে আছে ?

সরম্। চলুনাথ অ্যতি পেরেছে মাত্ত, কোন ভ্র নাই।

क्षीय। शक्ति अथन्छ (वैतृष्ठ मार्ट्ड, साँ।।

अव। अधि हत्स्वार्थ विद्वार्था, है: 1

সরমা। কাঁদে কে?

ভীম। কৈ কোগ।?

স্বম্য এই যে স্ক্রাশ ছয়েছে। কে এমন কাজ ক বলে। দেবি। প্রাণস্থি। আবার একটা কথা কও, তোমাব স্বম্য এসেছে।

স্বর্ণ। স্থি স্রুমে, জ্রের মত চল্লেম।

সবমা। হায় কে এমন কাজ ক'রলে, সখি।

স্থা। কেউ না আমিই ক'বেছি। স্বমে বিদায় হই। আগ্রপুত্রকে ব'লো---দাসী---সতী----(মৃত্যু)

डीय। (क इंडा। कं रास १

সরম।। কি জানি।

ভীম। তুমি শুনেছ আমি হত। ক'রিনি।

সরমা। দেবীও ব'লেন।

ভীম। মিথ্যাবাদিনী নরকে গমন ক'রেছে, আমিই তাকে হতা। ক'বেছি।

সরমা। স্বর্গের অপস্বী স্বর্গে গেছেন।

ভীম। সে নফা।

সরমা। কি দেবী অসতী ?

ভীম। অসতী না হলে আমি কখনই তাকে হতা। কব্তাম না। পৃথিবীৰ সমস্থ ধন সম্পত্তি পেলেও আমি স্বৰ্ণলতাকে তাগ কব্-ভাম না।

मनमः। दः नत्नकः किनी व्यवधी १

ভীম। তোমার স্বামী - ভৈবৰ।

সবমা। সে মিথাবিদি সে যদি সভীব নামে এমন কলক দিখে খাকে, হাতেং তার প্রতিফল পাবে। নরবেব আগ্রুণ দ্বিওণ হয়ে তাকে দক্ষ ক'ব্বে।

जीय। भौता

সরমা। তোমারও সেই গতি, মধকেও তোমার স্থান হবেন। }

ভীম। সবমে চুপ কব।

স্বমা। কেন. আয় আমার তোমাকে ভয় কি ৪ তুনি সামাত বি

শমি তোমার তলোবাঃকে ভয় করিনি। তোমার দণ্ড হবেই

ব । এর শান্তি পাবেই পাবে। ওবে সকনোশ হায়েছে। খুন হবেছে বেন খুন হয়েছে।

( ভৈরব, ধর্মাদান, বিশস্তুর ও অপর একজনের প্রবেশ।)

ধর্ম। কি হযেছে? ব্যাপাব কি?

সংযায় (ভৈর্বের প্রতি) তুমি নাকি ব'লেছে স্থাপিত। **অসতী ?** ংগাকিও, এখন চুপ্ক'ৰে রুইলে কেন্*?* 

ভৈরব। আমি যা সন্দেহ করেছিলাম তাই বলেছি। আর সেনা-পতি সম্দায় যে স্বচক্ষে দেখেছেন, ব'লতে হবে কেন ?

স্বম। অসতী ব'লেছ ?

ভৈরব। ই: বলেছি, তুমি অমন ক'বে টাটাচ্ছ কেন? এড লোকের নাম্নে এক্টু লজ্জা হয় না, যাও, আব কথা ক'ওনা।

সরম।। কি । আফি কথা কবন । ধ্বালতাব প্রাণ গোল, আমি চুপকরে থাকবি ।

मकला कि मर्जनाम।।।

স্ব্যা। তোমাবই কথায় দেবিকে হত্যা ক'বেছে। তোমাব---

डीम। मकन्य भरता

विश्व। जा। जनत्नत्य अने घं हेत्या।

भगा। कि राजनीय केंद्रला।

স্ব্যান হাৰ্থ, স্থালক্ষ্ত আপস্থি, সংঘাল ছেছে কোণার পোলে প আ স্তুম, তোমাৰ কুপানে এই ছিল্প তুমি পতিপ্রাণা হ'লেও অস্ত্রা বলে দক্ষর হত্তে প্রাণ হাবালে।

ভৈবৰ। ভুমি পাগল হলে নাকি ? যাও, এখান গেৰে যাও।

স্বমা। না পো। আমি যাবন। স্থলিভাকে ছেচ্ছে আমি কেকে পাংবানা। অমিধি অমন কংগাবলানা। (১৯ন)

ভীম। স্বৰ্ণভা। প্ৰিয়ে। কোগা গেলে ১ হতভাগাকে ভুলান।।

সংমা। হাঁন এখন ডাক্ ছেকে কাদ। বিনাদেকে সভীৰ প্ৰাণনফ ক্ষেছ, এখন ভাব শাস্তি পাও।

ভীম। খুড়া খুড়া এই ভোমাব প্রাণসম, স্থানতা এগেছে, আমিই ভাকে বিমাশ ক'বেছি।

বিশ্ব। আঃ হতভাগিনি!

ভাষ। খুড়! ভৈবৰ জানে শ্বণনতা অনতী, মে আমাৰ প্ৰদত্ত আগ্ৰী চন্দ্ৰন্থকে দিহেছিল। চন্দ্ৰন্থ নিজ মুখে সৰ ৰাজ্য ক্ৰেছে।

সংঘা। আংমধি ! অবশেষে এইছল—এইছতভাগিনীই তোমাৰ মৃত্যুৰ কাৰণ হ'ল।

্ভিবৰ। তোৰ যে দেশতে পাহি বিজু মাতি লাজে নাই চুপা বৰ ্কেক্ছেড়েকালতে ইবেৰা। সরমা। আমি আর যে চুপ করে থাকতে পারিন আমার আক যে ফেটে যায় গো।

ভৈরব। (মৃত্ন্সরে) আর গোলখোগ করে কি ছবে? ভোমার পাযে পড়ি, আমার বাঁচাও, এ যাতার আমার রক্ষা কর। (প্রকাশ্যে) যাও এখান থেকে যাও।

সরমা। না আমি যাবনা।

ভৈরব। কি আমার অবাধা, পাপিয়দি, দুফোঁ। (আঘাতোজম)
ধর্ম। ছিঃ। ছিঃ। স্ত্রীলোকের গায়ে হাত তুলানা।

সরমা। তুমি আমায় মার বা কেটেই ফেল, আমি আবে চুপ করে থাক্ব না। সে আংটা যে আমিই চুরি ক'বে তোমায় দিয়েছিল।মাঃ ও কালামুখ, এই জন্তই আমায় চুরি কব্তে বলেছিলে।

ভেরব। তবে বে মিথাবাদিনি।

সর্ম।। নার্গো আমি মিখা। বলিনি, সকলই সভা, ছুবারা তুই আংমার ছুঁস্না, সামি ভেংব জী নই।

। সর্মাকে অস্ত্রাহাত করিয়া ভৈরবের প্রস্থান।

ভীম। জাকাশে কি বজ্ঞ লাই । এমন প্রণায়ার মন্তকে পাতলো না। উঃ।

বিশ্ব। পাজী বেটা দ্রীহত্যা করে পালালো।

সর্মা। ও স্থি, আ আ। (পতন ও মৃত্যু)

ধর্ম। বেটা কি ভয়ানক লোক! আপনি সাবধান, দেখবেন যেন সেনাপতি কোণায় না যান, চলুন আমর। পাজীকে ধ্বে আনি, কোথ।য় পালাবে থ

প্রস্থান।

ভীম। স্বৰ্ণলত।। উঃ।

ভীম। এমরে আবেশ্যে তলোরার **ছিল, গেল কোথা? এই যে** প্রয়েছি। গুড়-খুড়-প্রেয়েছি-এম-শোন—— বিশ্ব। কেন অন্থির ছও, জীবন অমূল্য ধন, রুখা চেন্টা ক'রবে --ভোমার অস্ত্র নাই।

ভীম। তবে শোন।

বিশ্ব। কি বল।

ভীম। আমার হত্তে তলবারি থাক্লে, আমি অনারাসে তোমার মত শত বীরের সমুখীন্ হতে পারি। কিন্তু গর্কা, বীরত্ব, সকলই মনিতা। ভাগোর উপর কোন বীরত্বই থাটেনা। যা ঘটবার ঘটেছে। আমার অস্ত্র দেখে ভর করেনা, পলায়ন আমার উদ্দেশ্য নর। প্রাণমধী অণলতা প্রে গেছে, আমি ভাব অনুগমন কর্বা। কেউ আমায় রাখতে পার্সেনা। অর্পনতা প্রাণিপ্রিয়ে। দাঁডাও আমি তোমার সঙ্গের বান মার্মান আমার স্থান নর। কোথার যাব জানিনা। অর্পের জিনা জ্যোধ্যার ভূমি বিহার ক্ষেত্র। নরকের মার্মিয় গাঁচ অন্ধার আমার চতুর্দিকে ব্যাপ্ত হ্যে। জগনিশা। রক্ষা কর, জীঘাতক জ্লাদকে ক্ষমা কর। তিববারি নিক্ষেপ করিয়া যুগ্য হতে প্রিরভাবে দণ্ডায়্যান।

( অপরাপর সকলের ভৈরবকে লইয়া প্রবেশ। )

निश्व। পাজীকে আমাৰ সাম্নে আন।

ভীম। হুঁসেই বটে, -তুই নররুষী পিশাচ, তোকে বিনাশ কারে কিহবে। (পদাঘাত)

ভৈরব। আপনার। আমায় বাঁচান। রক্ষাক্রন।

বিশ্ব। ভাল ভীমিসিংহ! তুমি এমন স্থবিবেচক ও বিজ্ঞ হয়েও এ
শঠের চ'ত্রী কিছুই বুষ্তে পারলেন।।

ধর্ম। এ পাজী আপনার দোষ কতক ফীকার কবেছে, ভাল, আপনি কি একে চন্দ্রনাথের প্রাণ বিনাশ করিতে বলেছেন ?

छोर। इंग वलिছ।

চন্দ্র। সেমপিতি! আমি ত আপনার চরণে কোন অপ্রাধ ক'রিনি। ভাষা চন্দ্রনাথ আমাকে ক্ষমা কর, আমি ছোর নরাধম বলেই তোমাব বিপক্ষে এমন মন্ত্রণা করেছিলাম্। ঐ পিশাচ্কে জিজ্ঞাসঃ কব, কেন্তু আমার এমন করে সর্কানাশ কর্লে।

(ভৈরব। লা আব আমি কথা কবন:।

ধর্ম। ও নেম কওয়াব, করেন। ১ (পদাঘাত)

চন্দ্র। ইফ্ট দেবতার নাম নিবিনে ?

ভাষ। ভাল চন্দ্রনাথ ভূমি আয়ার আগ্টা পেলে কেমন ক'রে १

চন্দ্র। পাজী স্বীকার করেছে ঐ সে আংটী আমার ঘরে বেপে এসেছিল।

<u>जीम। ऐः !</u>

বিধ। ওব দশু বিধানের জন্ম স্তম শূলের ক্ষি করতে হাই. ব্যাটাব যেমন চাতুরী তেম্নি দশু দিতে হবে। সাঁড়ানী দিয়ে ওর জীব টেনে বাব কবতে হবে। বৎল। তোমাকে এখন এখানে কিছুদিন যন্দী ভাবে থাক্তে হবে। আমি অন্তই অবন্তি যাত্র। ক'রে শীএই মহারাজের কাছে এ ছুংখের কাহিনী বর্ণনা ক'রব।

ভীম। বলবেন্ হতভাগা ভীমসিণ্ছ শঠেব চাতুবীতে পতিপ্রাণঃ
সভীর প্রাণ বিনাশ ক'রেছে। প্রেম-বিদ্বেবে বনীভৃত হ'রে প্রাণসমা প্রণমিনীকে হত্যা কবেছে,—কাল ভৃজন্প জমে অন্ধ হ'রে, কণ্ঠস্থিত মণিমালা ছিন্ন ক'বেছে। তাব মত নবাগম আর জগতে নাই। মহা-রাজবে আ'রো বলবেন্, যে পাপাত্ম। ভীমসিণ্ছকে তিনি এত ভাল বাসতেন্,— যার রণপাণ্ডিভাব এত প্রশংসা ক'বতেন্—সে ভাঁব চরণে প্রণাম ক্ষেই আপনার জীবনের শেষ ক'বলে। (সহস্তে কণ্ঠচ্ছেদ)

भक्ता कि भक्ताना!!!

ভীম। স্বৰণভাগ –প্ৰিয়ে—তোমায় ছত্যা করবার গুৰ্বেও চুম্বন কংগ্ৰেছি, চুম্বনেই এ প্ৰাণ ত্যাগা ক'রলেম্। (মৃত্যু)

চল্ল। পুকোই এশস্থা ক'বেছিল।ম্।

ধম। ওখানে তলবাব ছিল। তা দেখিনি।


বিধা। বে ব্রাগণ-কুলাধন্ কৃশণস-নরপিশাত, তোর যদি চক্ষ্

থাকৈ তবে চেয়ে দেখ্ কি সক্লোশ কৰলি। এ হত। কাও দেখলে প্ৰাণ ও দ্ৰব হয়। চন্দ্ৰনাথ । এ পাণান্তিব দও বিধানেৰ ভাৰ ভোষাৰই উপৰ বইলো। আমি স্বাহি নগত কৰি অব এপানে থাক্তে পাৰিনা। উঃ।।

### यविका পত्र ।

--- .A .

मगाथ ।



আদিক কানন [রপক] জ্ঞালক্ষ্মীনারায়ণ চক্রবর্তী প্রাণীত মূল্য ১/০
কুলানক হা [নাটক] এ এ এ ৬০
নন্দবংশোচ্ছেদ[নাটক] এ (দ্বিতীয় সংস্করণ) এ ॥০
ভারতমাতা |রপক] জ্ঞাকিরণ চন্দ্র বন্দ্যোপাধ্যায় প্রাণীত এ এ
ভারতে ঘবন [রপক] এ এ এ এ
দতী কি কলঙ্কিনী[রাসক] জ্ঞানিট্রে নাথ বন্দ্যোপাধ্যায় এ এ ॥০
পারিজ্যাত হরণ [রাসক] শীঘ্র প্রকাশিত হইবে।

উপরেশক্ত সমস্ত পুস্তক পটলডাঙ্গা কেনিং লাইব্রেরিতে পাওঃ যাইবে।



THE

# Beople's Friend Bress

43, CHUNA'M GULLY,

UNDERTAKES EVERY DESCRIPTION

OF

## PLAIN OR ORNAMENTAL PRINTING

#### IN THE BEST STYLE

AND

### AT MODERATE RATES.



Particulars regarding the rates may be had en applica-

RASH BEHARY DHUR

7. Tanazer